সুদক্ষ ট্রেনার দ্বারা Two / Four Wheeler ড্রাইভিং শেখানো হয়।
City The dream come true SAFE DRIVE SAVE LIFE
Driving School
+91 7872 68 68 61
Ramkrishna Mission More, Malda.

জরুরী গাইড
অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
০৫ / ৫৯৯ aamaarshahor.com
মালদা ২০ বৈশাখ, ১৪৩৩ সোমবার, ৪ মে, ২০২৬ ২৪ বর্ষ ০৩ তম সংখ্যা বিনামূল্যে বিতরণের জন্য
বিজ্ঞাপন বিভাগ ঃ 9233 44 45 46

ওঁ পাথর ছাড়াই প্রতিকার সম্ভব
জগদম্বা জ্যোতিষ কেন্দ্র
মালদা # 9332056956

সরকারি চাকরির প্রবেশদ্বার পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন

বিএ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন একটি জনপ্রিয় স্নাতকোত্তর প্রোগ্রাম। কোর্সটি বিশেষ ভাবে তাঁদের জন্য উপযুক্ত যাঁরা পাবলিক সার্ভিস, সিভিল সার্ভিস বা প্রশাসনিক ক্ষেত্রে কেরিয়ার তৈরি করতে চান

দেশে সরকারি ও প্রশাসনিক ব্যবস্থার ব্যপ্তি অত্যন্ত জটিল এবং বিশাল। এই ব্যবস্থাকে বুঝে ওঠা সহজ নয়। যাঁরা সত্যি বুঝতে চান এই বিপুল জনসংখ্যার দেশটাকে যে ব্যবস্থা পরিচালনা করে, তার মধ্যে কী জাদু আছে, তাঁদের কাছে পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন দেশের প্রশাসনকে জানার এক অনবদ্য কোর্স।

যোগ্যতা

▶ প্রার্থীকে উচ্চ মাধ্যমিক (দ্বাদশ) পরীক্ষায় একটি স্বীকৃত বোর্ড থেকে পাশ করতে হয় সাধারণত সোশ্যাল সায়েন্স শাখায়। তবে অন্যান্য শাখার ছাত্রছাত্রীরাও এই কোর্সের জন্য যোগ্য হতে পারেন, তবে ওই ছাত্রছাত্রীদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানে নানা রকম শর্ত থাকে। বেশিরভাগ প্রতিষ্ঠান ভর্তির জন্য ৫০% নম্বর অর্জন করার শর্ত দেয়, তবে এটি প্রতিষ্ঠানের উপরে নির্ভর করে কিছুটা পরিবর্তিত হতে পারে। বেশ কিছু বিশ্ববিদ্যালয় মেধার ভিত্তিতে ভর্তি করে, তবে কিছু প্রতিষ্ঠান প্রবেশিকা পরীক্ষা নেয়, যেখানে সাধারণ জ্ঞান, যুক্তি এবং নৈপুণ্য মূল্যায়ন করা হয়।

সিলেবাস

প্রথম বর্ষ

▶ **পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনের পরিচিতি:** প্রশাসনিক তত্ত্ব, কাজকর্ম এবং সরকারি সংস্থাগুলির কাঠামো সম্পর্কিত ধারণা।

▶ **পলিটিক্যাল সায়েন্স:** রাজনৈতিক চিন্তা এবং শাসনব্যবস্থা, সরকারের কাঠামো এবং নীতি নির্ধারণ।

▶ **ভারতীয় সংবিধান:** ভারতের সংবিধান, তার ঐতিহাসিক পটভূমি এবং প্রধান বিধানগুলির আলোচনা।

▶ **মানবসম্পদ ব্যবস্থাপনা:** পাবলিক সেক্টরে কর্মী ব্যবস্থাপনার মৌলিক ধারণা।

দ্বিতীয় বর্ষ

▶ **পাবলিক পলিসি:** প্রশাসনে নীতির ভূমিকা, পাবলিক পলিসি নির্মাণ।

▶ **স্থানীয় সরকার এবং গ্রামীণ উন্নয়ন:** স্থানীয় সরকার কাঠামো এবং গ্রামীণ উন্নয়ন কর্মসূচি।

▶ **কম্প্যারিটিভ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন:** বিভিন্ন দেশের প্রশাসনিক ব্যবস্থা এবং তাদের শক্তি ও দুর্বলতা।

▶ **আর্থিক প্রশাসন:** বাজেট তৈরি, অর্থনৈতিক নিয়ন্ত্রণ এবং সরকারি অর্থনীতির পরিচালনা।

তৃতীয় ও চতুর্থ বর্ষ

▶ **ভারতীয় প্রশাসন:** ভারতের প্রশাসনিক কাঠামো এবং কেন্দ্রীয় ও রাজ্য সরকারের কার্যক্রম।

▶ **প্রশাসনিক আইন:** প্রশাসনিক সংস্থাগুলির কার্যক্রম এবং সিদ্ধান্ত গ্রহণে আইনগত নিয়ন্ত্রণ।

▶ **উন্নয়ন প্রশাসন:** উন্নয়ন প্রশাসনের তত্ত্ব এবং অনুশীলন।

▶ **পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন এবং নীতি:** শাসনে নৈতিকতা, স্বচ্ছতা এবং জবাবদিহি নিয়ে আলোচনা।

▶ এ ছাড়া, ছাত্রছাত্রীদের অভ্যন্তরীণ প্রকল্প, ইন্টার্নশিপ এবং মাঠে নেমে কাজ করার মাধ্যমে বাস্তব অভিজ্ঞতা অর্জন করার সুযোগও থাকে।

উচ্চশিক্ষা

▶ ছাত্রছাত্রীরা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, মাস্টার ইন পাবলিক পলিসি বা মাস্টার ইন পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন নিয়ে স্নাতকোত্তর কোর্স করতে পারেন।

▶ অনেক গ্র্যাজুয়েটই ইউপিএসসি, সিভিল সার্ভিস পরীক্ষায় অংশ নেন এবং আইএএস, আইপিএস বা আইএফএস এর মতো মর্যাদাপূর্ণ সিভিল সার্ভিসে যোগ দিতে পারেন।

▶ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন বা হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টের মতো বিষয়গুলিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্সও হয়।

কেরিয়ার

▶ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনের গ্র্যাজুয়েটরা সাধারণত আইএএস, আইপিএস, আইএফএস এর মতো সিভিল সার্ভিসে যোগ দিতে চান।

▶ পাবলিক সেক্টর ইন্টারপ্রাইজ, সরকারি নানা সংস্থা বা পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে প্রশাসনিক কর্মকর্তা বা ম্যানেজার হিসেবে কাজ করার সুযোগ রয়েছে।

▶ এনজিওতে প্রজেক্ট ম্যানেজার, পলিসি অ্যানালিস্ট বা রিসার্চার হিসেবে কাজ করা যায়।

▶ সরকারি সংস্থা, থিংক ট্যাঙ্ক বা আন্তর্জাতিক সংস্থায় পলিসি অ্যানালিস্ট হিসেবে কাজ করার সুযোগ রয়েছে।

▶ গবেষণায় কেরিয়ার গড়তে পারেন বা কলেজে শিক্ষক হিসেবে যোগ দিতে পারেন।

গুরুত্বপূর্ণ কথা

পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন কোর্সটি পড়ুয়াদের দেশের শাসন, প্রশাসন এবং পাবলিক পলিসির উপরে একটি সুদৃঢ় ভিত্তি প্রদান করে যা সরকারি নানা পরিষেবা, সিভিল সার্ভিস এবং পাবলিক অ্যাডমিনিস্ট্রেশনে একটি সফল কেরিয়ার গঠনে সাহায্য করে। পাবলিক সার্ভিসের প্রতি যে ভাবে আগ্রহ বৃদ্ধি পাচ্ছে, তাতে এই কোর্সের প্রতি চাহিদা বাড়ছে।

তথ্য সহায়তা: ড. ধর্মেন্দ্র কুমার সিং, অধ্যাপক, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন

মালদা জেলা থেকে সূর্য্যোদয় ও সূর্যাস্তের সময়সূচী

মে - ২০২৬

তারিখ	সূর্য্যোদয়	সূর্যাস্ত
04.05.2026	04:59 ↑ (115°)	18:08 ↑ (245°)
05.05.2026	04:59 ↑ (115°)	18:09 ↑ (245°)
06.05.2026	04:58 ↑ (115°)	18:09 ↑ (245°)
07.05.2026	04:57 ↑ (115°)	18:10 ↑ (245°)
08.05.2026	04:57 ↑ (115°)	18:10 ↑ (245°)
09.05.2026	04:56 ↑ (115°)	18:11 ↑ (245°)
10.05.2026	04:56 ↑ (115°)	18:11 ↑ (245°)
11.05.2026	04:55 ↑ (115°)	18:12 ↑ (245°)
12.05.2026	04:54 ↑ (115°)	18:12 ↑ (245°)
13.05.2026	04:54 ↑ (115°)	18:13 ↑ (245°)
14.05.2026	04:53 ↑ (115°)	18:14 ↑ (245°)
15.05.2026	04:53 ↑ (115°)	18:14 ↑ (245°)
16.05.2026	04:52 ↑ (115°)	18:15 ↑ (245°)
17.05.2026	04:52 ↑ (115°)	18:15 ↑ (245°)
18.05.2026	04:51 ↑ (115°)	18:16 ↑ (245°)
19.05.2026	04:51 ↑ (115°)	18:16 ↑ (245°)

যে কোনো দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দিতে 977 5454 577

(Since 2016)
DEVELOPER Mastermind abacus
The Brain Booster..
A Complete Brain Development Program for Kids
Admission Going On:
ABACUS | COMPUTER | GUITAR | CHESS | MEMORY SCIENCE
SPOKEN ENGLISH | AI | DRAWING | HANDWRITING | RECITATION
Contact at Our New Campus : Pradip Enclave, 1st Floor, Near Aneek Sangha Ground, No-1 Govt Colony, Malda. Mob 97341 03622/ 75840 29929.
Experienced Abacus Teachers Can Apply For Better Future & Earning.

এইচআর বা সেলস-মার্কেটিংয়ে বিবিএ ডিগ্রি সাফল্য আনে

নতুন প্রজন্মের পড়ুয়াদের জনপ্রিয় পেশাগত কোর্স হলো বিবিএ। কোর্সটি ব্যবসায়, ম্যানেজমেন্টে আগ্রহী শিক্ষার্থীদের জন্য অত্যন্ত উপকারী হতে পারে

বিবিএ কোর্সে পড়ুয়ারা ব্যবসায়িক দক্ষতা, নেতৃত্ব দেওয়া, ব্যবসায়িক কৌশল এবং ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে ব্যাপক ধারণা লাভ করেন। পড়াশোনাকে একেবারে শুরু থেকেই যাঁরা কেরিয়ারের ওরিয়েন্টেড করতে চান, সেই সব পড়ুয়ার জন্য এই কোর্সটির জুড়ি মেলা ভার!

যোগ্যতা

ছাত্রছাত্রীদের সাধারণত ১০+২ পদ্ধতিতে যে কোনও শাখায় (বিজ্ঞান, ব্যবসা, বা কলা) পাশ করা প্রয়োজন। কিছু বিশ্ববিদ্যালয় বা কলেজ তাদের প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট বিষয়ের উপর অগ্রাধিকার দিতে পারে। অনেক শিক্ষা প্রতিষ্ঠানেই ভর্তি হতে শিক্ষার্থীদের একটি প্রবেশিকা পরীক্ষা বা স্কোরের ভিত্তিতে নির্বাচিত করা হয়। এছাড়া, কিছু কলেজ ও বিশ্ববিদ্যালয় প্রাক-ভর্তির সাক্ষাৎকার বা গ্রুপ ডিসকাসনও নিয়ে থাকে, যার মাধ্যমে ছাত্রছাত্রীদের কমিউনিকেশন স্কিল, নেতৃত্বের ক্ষমতা এবং সমস্যা সমাধানের ক্ষমতা মূল্যায়ন করা হয়।

সিলেবাস

- ■ ব্যবসায়িক পরিবেশ: অর্থনীতি, আন্তর্জাতিক বাজারের ধারণা, ব্যবসায়িক অ্যাকাউন্টিং, ফিনান্সিয়াল অ্যাকাউন্টিং এবং ম্যানেজমেন্ট অ্যাকাউন্টিং।
- ■ অর্থনীতি: মাইক্রোইকোনমিক্স এবং ম্যাক্রোইকোনমিক্স।
- ■ বিজনেস কমিউনিকেশন: ব্যবসায়িক যোগাযোগ, মেইল, রিপোর্ট রাইটিং, পাবলিক স্পিকিং।
- ■ ম্যানেজমেন্ট: ম্যানেজমেন্টের মৌলিক ধারণা, নেতৃত্বের নীতি, পরিকল্পনা এবং পরিচালনা কৌশল।
- ■ বিজনেস ল: ব্যবসায়িক আইন, কনট্র্যাক্ট ল, কর্পোরেট আইন।
- ■ মার্কেটিং: মার্কেটিং কৌশল, ব্র্যান্ড ম্যানেজমেন্ট, কাস্টমার রিলেশনশিপ ম্যানেজমেন্ট।
- ■ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট: কর্মী নির্বাচন, প্রশিক্ষণ, মূল্যায়ন এবং মোটিভেশন পদ্ধতি।
- ■ স্ট্র্যাটেজিক ম্যানেজমেন্ট: দীর্ঘমেয়াদী পরিকল্পনা, নীতি ও কৌশল নির্ধারণ।

উচ্চশিক্ষা

বিবিএ কোর্সের পর পড়ুয়ারা উচ্চশিক্ষার নানা সুযোগ নিতে পারেন।

- ■ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন বা এমবিএ (মাস্টার অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন) এমবিএ কোর্সে ভর্তি হতে সাধারণত একটি ভর্তি পরীক্ষা, যেমন CAT (ক্যাটালিসিস) বা MAT (ম্যাথেমেটিক্যাল অ্যাপটিটিউড টেস্ট) প্রয়োজন হয়।
- ■ এছাড়া, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বিবিএর পর মাস্টার্স ডিগ্রি যেমন মাস্টার অফ কমার্স (M.Com) বা মাস্টার ইন ফিনান্স (M.Fin) গ্রহণের সুযোগও থাকে, যা শিক্ষার্থীদের বিশেষ জ্ঞান অর্জন করতে সাহায্য করে।

কেরিয়ারের সুযোগ

▶ বিজনেস কনসালট্যান্ট : ব্যবসায়িক সমস্যা সমাধানে সহায়তা করা এবং কোম্পানির মুনাফা বৃদ্ধি করার জন্য কৌশল প্রস্তাব করা।

▶ এইচআর ম্যানেজার: কর্মী নিয়োগ, প্রশিক্ষণ, কর্মী ম্যানেজমেন্ট এবং কর্মী সন্তুষ্টি নিশ্চিত করা।

▶ সেলস অ্যান্ড মার্কেটিং ম্যানেজার: পণ্যের বিপণন কৌশল তৈরি করা এবং গ্রাহকদের আকর্ষণ করার জন্য কৌশল প্রণয়ন করা।

▶ ফিনান্স ম্যানেজার: কোম্পানির আর্থিক পরিকল্পনা, বাজেট তৈরি কার এবং অর্থনৈতিক পরিস্থিতি বিশ্লেষণ করা।

উদ্যোক্তা

নিজস্ব ব্যবসা শুরু করা বা নতুন উদ্যোগ গ্রহণ করা এছাড়া, শিক্ষার্থীরা বিভিন্ন ব্যবসায়িক সংস্থায় ম্যানেজমেন্ট ট্রেনি হিসেবে কাজ শুরু করতে পারে, যা ভবিষ্যতে উচ্চপদস্থ ম্যানেজমেন্ট রোলের সুযোগ সৃষ্টি করতে পারে।

বেতন কাঠামো

ভারতের বিভিন্ন শিল্প ক্ষেত্রে এর কাঠামো ভিন্নতর হতে পারে।

- ■ এন্ট্রি লেভেল স্যালারি: বেতন সাধারণত ২৫০০০ থেকে ৪৫০০০ টাকা মাসিক বেতন হতে পারে।
- ■ মিড-লেভেল পজিশন : এই পজিশনে বেতন সাধারণত ৫০০০০ থেকে ৭৫০০০ টাকা মাসিক বেতন হতে পারে।
- ■ সিনিয়র লেভেল: যাঁরা দীর্ঘ সময় ধরে কাজ করছেন এবং উচ্চপদে পৌঁছেছেন, তাঁদের বেতন যথেষ্ট বেড়ে যায়। এই পর্যায়ে বেতন ১০০০০০ থেকে ৩০০০০০ টাকা বা তারও বেশি হতে পারে।
- ■ এইচআর: মানবসম্পদ বিভাগের ম্যানেজার বা এগজিকিউটিভদের জন্য বেতন সাধারণত ৪০০০০ থেকে ১০০০০০ টাকা মাসিক বেতন হতে পারে।
- ■ ফিনান্স: ফিনান্স বিভাগের পেশাদাররা (যেমন ফাইন্যান্স ম্যানেজার বা অ্যাকাউন্টেন্ট) সাধারণত ৫০০০০ টাকা থেকে ১৫০০০০ টাকা বা তার বেশি উপার্জন করতে পারেন।
- ■ উদ্যোক্তা হিসেবে আয়: নানা ধরনের ব্যবসা শুরু করতে পারেন। সেখান থেকেও অনেক ভালো আয় হতে পারে।

তথ্য সহায়তা: ড. গৌরাঙ্গ পাত্র, অধ্যাপক, ডিপার্টমেন্ট অফ ম্যানেজমেন্ট

সব সরকারি নথিতে
নামের বানান সঠিক আছে তো?
পরামর্শ ঃ 9233 44 45 46 (মালদা)
সংবাদপত্রে প্রকাশ করতে যোগাযোগ করুন।

চিয়াসিড কতটা উপকারী ?

সকালের ঘুম ভাঙতেই কাঁচের গ্লাসে সামান্য জলে ভিনদেশি এক চামচ বীজ ভিজিয়ে রাখেন অনেকেই। সেই ভেজানো বীজ খাওয়ার সময় আধুনিক মানুষ যেন এক অদ্ভুত মানসিক শান্তি পান, ভাবেন এক চুমুকেই হয়তো দীর্ঘায়ু আর সুস্বাস্থ্য কিনে নিচ্ছেন! মেদ কমানো, ডায়াবেটিস নিয়ন্ত্রণ থেকে শুরু করে হার্ট ভালো রাখা সবকিছুর এক জাদুকরী সমাধান হিসেবে 'চিয়াসিড' এখন আমাদের প্রতিটি স্বাস্থ্য সচেতন ড্রয়িং রুমের অবিচ্ছেদ্য অংশ।

ফাংশনাল পুষ্টি বিজ্ঞান এবং মেটাবলিক স্বাস্থ্যের গভীর লেন্স দিয়ে যদি এই রাতারাতি সুপারস্টার হয়ে ওঠা বীজটির ইতিহাস ঘাটেন, তবে বেরিয়ে আসবে কর্পোরেট মার্কেটিংয়ের এক অভাবনীয় মগজধোলাইয়ের গল্প। চিয়া সিড কোনো ক্ষতিকর বা খারাপ খাবার নয়, এটি অবশ্যই পুষ্টিকর। কিন্তু একে ঘিরে বিজ্ঞাপনের দুনিয়ায় যে বিশাল পুষ্টির রূপকথা তৈরি করা হয়েছে, আজ চলুন তার পেছনের সহজ বিজ্ঞান এবং কর্পোরেট ধোঁকাবাজিটা একটু বিশ্লেষণ করে দেখি। পাঠক হিসেবে পড়ার পর আপনার মনে হতেই পারে, "আরে, এতদিন তো বিষয়টা এভাবে ভেবে দেখিনি!"

প্রথম ফাঁদটি পাতা হয়েছে 'সুপারফুড' শব্দটির মাধ্যমে। আপনি শুনলে অবাক হবেন, চিকিৎসা বিজ্ঞান বা পুষ্টিবিদ্যার বইতে 'সুপারফুড' বলে আদতে কোনো নির্দিষ্ট শব্দ বা শ্রেণি-বিভাগ নেই। এটি পুরোপুরি একটি কর্পোরেট মার্কেটিংয়ের শব্দ, যা চড়া দামে পণ্য বিক্রির জন্য চতুরতার সাথে ব্যবহার করা হয়। চিয়া সিড মূলত মধ্য আমেরিকার দেশগুলোর (যেমন মেক্সিকো) একটি প্রাচীন এবং সাধারণ শস্য। সেখানকার স্থানীয়রা এটি খেত। কিন্তু গ্লোবাল মার্কেট একে সারাবিশ্বে চড়া দামে বিক্রির জন্য এমনভাবে প্রমোট করেছে, যেন এটি ছাড়া সুস্বাস্থ্য একেবারেই অসম্ভব।

দ্বিতীয় ধোঁকাবাজিটি লুকিয়ে আছে ওমেগা-থ্রি ফ্যাটি এসিডের জাদুকরী গল্পে। বিজ্ঞাপনে প্রায়ই বুক ফুলিয়ে দাবি করা হয়, চিয়া সিডে নাকি সামুদ্রিক মাছের চেয়েও বেশি ওমেগা-থ্রি রয়েছে! এটি একটি নিখুঁত অর্ধসত্য, যা সাধারণ মানুষকে খুব সহজেই বিভ্রান্ত করে। চিয়া সিডে প্রচুর পরিমাণে ওমেগা-থ্রি থাকে ঠিকই, কিন্তু সেটি হলো উদ্ভিজ্জ রূপ, যাকে বিজ্ঞানের ভাষায় বলে এএলএ (ALA)। অন্যদিকে, আমাদের মানব-দেহের মস্তিষ্ক ও হার্টের সরাসরি কাজে লাগে যে ওমেগা-থ্রি, তার নাম হলো ইপিএ (EPA) এবং ডিএইচএ (DHA)যা আমরা সরাসরি সামুদ্রিক মাছ থেকে পাই। সহজ কথায় বললে, চিয়া সিডের ওমেগা-থ্রি হলো অনেকটা কাঁচামালের মতো। মানবদেহে এই কাঁচামাল (ALA) কে ভেঙে সরাসরি ব্যবহার উপযোগী উপাদানে (EPA / DHA) রূপান্তর করতে পারে খুব সামান্যই। বিজ্ঞানের ভাষায় এই রূপান্তরের হার মাত্র ৫ থেকে ১৫ শতাংশ! চিয়ার নিজস্ব কিছু প্রদাহরোধী (অ্যান্টি-ইনফ্লেমেটরি) গুণ আছে, এটা সত্যি। কিন্তু একে সামুদ্রিক মাছের সরাসরি বিকল্প হিসেবে দাঁড় করানোটা নিছকই মুনাফা লোটার কর্পোরেট অতিরঞ্জন ছাড়া আর কিছুই নয়।

তৃতীয় এবং সবচেয়ে কষ্টের দিকটি হলো, বিদেশি আভিজাত্যের মোহে পড়ে আমাদের নিজেদের শেকড়ের পুষ্টিকে চরমভাবে অবহেলা করা। চিয়া সিডে ফাইবার, প্রোটিন এবং অ্যান্টিঅক্সিডেন্ট রয়েছে। কিন্তু আমরা ভুলে গেছি আমাদের অতি পরিচিত সস্তা দেশি 'তিসি' এবং 'তোকমা' দানার কথা।

তোকমা দানা হলো আমাদের স্থানীয় আবহাওয়া ও মাটিতে উৎপাদিত অসাধারণ একটি বীজ। এতে চিয়ার চেয়েও কিছুটা বেশি ফাইবার বা আঁশ থাকে। গরমের দিনে তোকমা ভেজানো জল আমাদের পেট যেমন ঠান্ডা রাখে, তেমনি অন্ত্রের গাট মাইক্রোবায়োমের (উপকারী ব্যাকটেরিয়া) জন্য দারুণ একটি 'প্রি-বায়োটিক' খাবার হিসেবে কাজ করে। অন্যদিকে, আমাদের অবহেলিত তিসির বীজে চিয়ার চেয়েও বেশি এএলএ ওমেগা-থ্রি রয়েছে। এর চেয়েও বড় চমক হলো, তিসিতে রয়েছে প্রচুর পরিমাণে 'লিগন্যান' নামক একটি বিশেষ উপাদান। নারীদের হরমোনাল ব্যালেন্স ঠিক রাখতে, মেটাবলিক হেলথ উন্নত করতে এবং স্তন ক্যান্সারের মতো মারাত্মক রোগ প্রতিরোধে এই লিগন্যান চিয়া সিডের চেয়ে বহুগুণ বেশি শক্তিশালী! তিসিকে খাওয়ার আগে শুধু একটু গুঁড়ো করে নিতে হয়, এই যা পার্থক্য। চিয়া সিড পুষ্টিকর হলেও আমাদের দেশি বীজগুলো কোনো অংশেই পিছিয়ে নেই, বরং কিছু ক্ষেত্রে অনেক বেশি কার্যকর এবং শক্তিশালী।

চতুর্থ বিষয়টি হলো অর্থনৈতিক বাস্তবতা বা পকেট কাটার হিসাব। হাজার হাজার মাইল দূর

(এরপর ২-এর পাতায়)

হাজার হাজার টার্গেট ক্লায়েন্টের কাছে একসাথে পৌঁছানোর অসাধারণ মাধ্যম
Bulk WhatsApp
(ভার্চ্যুয়াল অথবা নিজস্ব নম্বর থেকে)
Bulk Voice Call
(30 সেকেন্ড বা তার গুণিতকে)
প্রতি নম্বর পিছু খরচ 30 পয়সা, ন্যূনতম ₹1000
মালদা জেলার 3 লক্ষ নম্বরে পাঠানোর সুযোগ।
মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়
9233 44 45 46

ভোটে আঙুলে যে কালি দেওয়া হয়, তার রসায়ন জানেন ?

নির্বাচনে ভোট দেওয়ার পর আঙুলে যে বিশেষ কালি লাগানো হয়, তাকে বলা হয় অমোচনীয় কালি (Indelible Ink)। এর প্রধান উপাদান হলো সিলভার নাইট্রেট (AgNO)।

সিলভার নাইট্রেট ত্বকের প্রোটিনের সঙ্গে বিক্রিয়া করে। এবং সূর্যের আলোতে এটি গাঢ় রঙ ধারণ করে।

কয়েকদিন পর্যন্ত দাগ থাকে, ফলে একজন ব্যক্তি বারবার ভোট দিতে পারেন না।

ভারতের নির্বাচনে ব্যবহৃত এই কালি গণতন্ত্র রক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

রসায়ন শুধু বইয়ের বিষয় নয়, আমাদের দৈনন্দিন জীবন ও গণতন্ত্রের সঙ্গেও জড়িয়ে আছে।

ভোটরঙ্গ

এশিয়াডে পদকজয়ী জ্যোতির্ময়ী
শিকদার ভোটে দাঁড়ান একবার।
প্রখ্যাত প্রাবন্ধিক ও সুপণ্ডিত
সুধীর চক্রবর্তীর বাড়িতে ভোটের
প্রচারে গেলে সুধীরবাবু ওনাকে
জিজ্ঞেস করেন,
'আপনি দৌড়তেন না?'
জ্যোতির্ময়ী - 'হ্যাঁ'। সুধীরবাবুর বিনীত
জিজ্ঞাসা -'তাহলে দাঁড়ালেন কেন"?

দেখছি যেমন আরশিতে

কবে দেখব নিজেকে

আর কোনও কথা নয়, নিজেকে চিনতে হবে–
বাচাল-আকাশমাঠে ঝালাপালা হয় কান;
এভাবেই নাগরিক ভোলে কী শুনেছে কবে,
গতর অচল হলে গলা তবু গায় গান।
মনগড়া খতিয়ান নিয়ে পাতা ওলটায়,
সৌজন্যে লুকিয়ে থাকে নগ্ন আড়ম্বর সুর,
পেটায় নিজের ঢাক শাসানির বোলটায়–
নগদের গন্ধ পেলে আজীবন ঘুরঘুর!

থাকবে তুমিই অন্তরে

চেঁচাব কিন্তু কথা বলব না, মুখে ভাষা নেই,
যতটুকু বুকে আগলে রেখেছি শিশু হাতেখড়ি;
মই বেয়ে-ওঠা আগামীর গান আছে নাগালেই
ছুঁতে পারি কই, অহং মানসে মেকি কথা গড়ি।
বৈশাখ আসে, পঁচিশ পেরোয়, তোমাকে পড়ি না,
তুমি ছিলে তাই অন্তর সাজে কৃষ্টিকাননে–
তোমাকে ভাঙিয়ে ভব্যতা শিখি, প্রয়োগ করি না,
প্রমার আলোয় ভিজব সবাই যদি রাখি মনে।

– ড. গৌরাঙ্গদেব ভার্মা

সান্ত্বনা নয়, সন্তানের প্রতিশ্রুতি...
বন্ধ্যাত্ব চিকিৎসার একমাত্র প্রতিষ্ঠান "LIFE TOUCH IVF"
LIFE TOUCH TRUE VALUE IVF
The Fertility IVF Clinic & Lab
(A Unit of Dishari Health Point)
M. K. Road, English Bazar, Malda - 732101
বিশদে জানতে কল করুন
03512 267733

সমস্ত সরকারী কাগজপত্রে নামের বানান সঠিক আছে তো ?

বার্থ সার্টিফিকেট
এডুকেশনাল সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পলিসি সার্টিফিকেট
পাসপোর্ট
রেজিস্ট্রি ডিড
চাকুরী সংক্রান্ত কাগজপত্র

এফিডেফিটের মাধ্যমে নামের বানান সংশোধনের বিজ্ঞপ্তি সংবাদপত্রে ঘোষণা করুন।

পরামর্শ ও সহযোগিতা ঃ মাস মিডিয়া # 9233 44 45 46

পাত্র চাই

- কায়স্থ নন্দী 27+/5′4′′ ফর্সা, সুশ্রী, B.A. Hons., Edu., D.EL.Ed., টেট পাশ পাত্রীর জন্য মালদা নিবাসী সরকারী চাকুরে জেনারেল পাত্র চাই। M - 9679022756. HUF-0177
- তিলি কুন্ডু 32+/5′5′′ আয়ুর্বেদিক (M.D.) কর্মরতা পাত্রীর উচ্চপদস্থ অফিসার / ডাক্তার সুপাত্র কাম্য। ঘটক নিষ্প্রয়োজন। M - 94330 37879. HUF-0171
- চাঁই মন্ডল 30+/5′5′′ M.Sc. (Math.), 1st class, B.Ed. পাত্রীর জন্য উপযুক্ত পাত্র চাই। M - 9641511026. HUF-0181
- W.B. মালদা, কায়স্থ 29/5′1′′ M.A., B.Ed., ফর্সা, নরগণ, গভঃ ব্যাঙ্ক ম্যানেজারের একমাত্র কন্যার জন্য সঃ চাঃ পাত্র কাম্য। M - 7679386698. OTS-1846
- বৈশ্য সাহা 34+/5′4′′ M.A., B.Ed., মালদা নিবাসী নামে মাত্র বিবাহ এরূপ পাত্রীর জন্য শিক্ষিত, প্রতিষ্ঠিত, ইস্যুলেস সরকারী চাকুরে পাত্র চাই। M - 9002296608. HUF-0137

পাত্র চাই

- বৈশ্য (আগরওয়ালা) 32+/5′ M.A., B.Ed., সঃ প্রাঃ শিক্ষিকা পাত্রীর জন্য অনূর্দ্ধ 35, সঃ চাঃ / উপযুক্ত পাত্র কাম্য। উচ্চ অসঃ চলিবে। মালদা শহর অগ্রগণ্য। M - 74781 94152. HUF-0164
- সাহা, মালদা নিবাসী 29/5′2′′ ফর্সা, সুশ্রী, M.A. (Eng.), B.Ed., অবিবাহিতা, একমাত্র কন্যার জন্য রেল / পুলিশ / ব্যাঙ্ক / অফিসার / সরকারী চাকুরে পাত্র কাম্য। M - 70290 69718. HUF-0161
- চৌধুরী 34/5′2′′ M.A., B.Ed. (Hons.), প্রাইমারী শিক্ষিকা পাত্রীর জন্য সঃ চাঃ / স্কুল শিক্ষক / প্রতিষ্ঠিত ব্যবসায়ী পাত্র কাম্য। M - 9434730035. HUF-0063

পাত্রী চাই

- 38, বসাক তন্তুবায়, নামমাত্র বিবাহে ডিভোর্স (7 দিনের বিবাহিত) ব্যবসায়ী পাত্রের জন্য পাত্রী প্রয়োজন। M - 8918531407. OTS-1845

বিবাহযোগ্য পাত্র-পাত্রীর অভিভাবকের কাছে আবেদন —

আপনাদের বিবাহযোগ্য ছেলে-মেয়েদের তথ্য (পূর্ণাঙ্গ প্রোফাইল) জনপ্রিয় ওয়েবসাইট www.khonj.live-এ বিনামূল্যে আপলোড করে রাখুন। এতে আপনাদের অতিরিক্ত খোঁজখবর পেতে সুবিধা হবে। শুধু তাই নয়, প্রোফাইলের লিঙ্ক যে কাউকে এমনকি সোস্যাল মিডিয়াতেও শেয়ার করতে পারবেন। এই পরিষেবায় প্রতিমাসে শতাধিক পরিবার উপকৃত ও সন্তুষ্ট। নিচের তথ্যগুলি যতটা সম্ভব পূরণ করে পাঠান। যতো বেশী তথ্য দিতে পারবেন, ততো বেশী রেসপন্স পাবেন।

ব্যক্তিগত তথ্য

প্রার্থীর (পাত্র / পাত্রীর) নাম* –
লিঙ্গ (পুরুষ / মহিলা) –
হোয়াটসঅ্যাপ বা কলিং নম্বর* –
ই-মেইল আইডি –
জন্মতারিখ (DOB) –
শিক্ষাগত যোগ্যতা –
উচ্চতা –
ব্লাড গ্রুপ –
রাশি –
মাঙ্গলিক / অমাঙ্গলিক –
জাতি –
গোত্র –
ধর্ম –
ওজন –
অন্যান্য যোগ্যতা –
বর্তমানে বৈবাহিক স্থিতি –
অবিবাহিত / ডিভোর্সী / বিপত্নীক / বিধবা / ডিভোর্সের জন্য অপেক্ষারত – (যে কোন একটি অপশন বাছুন)
ঠিকানা (বাসস্থান) –
চেহারার সংক্ষিপ্ত বিবরণ –
শখ –
খাদ্যাভাস – (আমিষাশী / নিরামিষাশী) –
পিতা-মাতার কততম সন্তান (প্রথম / দ্বিতীয় / তৃতীয়) – একমাত্র
সাম্প্রতিক ছবি (ন্যূনতম ১ টি / সর্বাধিক ৩ টি) পাঠান –

পেশাগত তথ্য

কর্মস্থল (ঠিকানা) –
আয়ের উৎস – (চাকুরী (স্থায়ী / চুক্তিবদ্ধ) / ব্যবসা / প্রফেশনাল / স্থায়ী সম্পত্তি বা আমানত / ঘরোয়া / অন্য কিছু)
পদ –
বার্ষিক আয় –
শিক্ষাগত / কারিগরী যোগ্যতা –
পিতামাতা / পরিবার সংক্রান্ত সংক্ষিপ্ত বিবরণ –
অন্যান্য বিষয়ে মন্তব্য (যদি জানাতে চান) –
কেমন পাত্র বা পাত্রী খুঁজছেন তা সংক্ষেপে লিখুন –

(পাত্র / পাত্রীর নাম, বাসস্থানের ঠিকানা, ছবি বা (স্টার) চিহ্নিত প্রশ্নের তথ্য যদি প্রকাশ করতে না চান সেক্ষেত্রে জানাতে হবে।

তবে তথ্যগুলি আমাদের রেকর্ডের জন্য অবশ্যই পাঠাতে হবে।

প্রত্যেক আবেদনের সাথে ফটো আইডি
(যেমন - আধার, প্যান / পাসপোর্ট / ভোটার কার্ড) ও ন্যূনতম এক কপি ছবি পাঠানো বাধ্যতামূলক। স্ব-অভিভাবক পাত্র / পাত্রীরাও আবেদন করতে পারেন।

Only WhatsApp to **9233 44 45 46**
(11 A.M. to 7 P.M., except holiday).
Visit : khonj.in

পাত্রী চাই

- Gen. 31+/5′7′′ বি.টেক., প্রতিষ্ঠিত ব্যবসায়ী (7 Lac P.A.) পাত্রের জন্য সুশ্রী যোগ্য পাত্রী চাই। কর্মরতা অগ্রগণ্য। M - 9474343839. HUF-0174
- মালদা, কায়স্থ, বৈশ্য সাহা 30/5′6′′ বি.টেক (সিভিল), কর্কট, দেবারিগণ, বীমা ব্যবসা (সঃ), এক ভাই, এক দিদি, পিতা Retd. কেঃ সঃ চাঃ। ঘরোয়া / শিক্ষিতা, ফর্সা, 22 - 26 মধ্যে সুশ্রী পাত্রী কাম্য। M - 89724 69933. HUF-0182

বৈশ্য দাস, মালদা গৌড় রোড
34/5′6′′ M.A., B.Ed.,
নবোদয় বিদ্যালয়ে স্থায়ী শিক্ষক
(কেঃ সঃ) পাত্রের জন্য
সুন্দরী, শিক্ষিতা, রাঃ সঃ /
কেঃ সঃ চাকুরীরতা, 27 - 30 মধ্যে
পাত্রী কাম্য। মালদা অগ্রগণ্য।
M - 97334 74387.
HUF-0189

মন্ডল 30/5′7′′
বিটেক (KIIT),
রাঃ সঃ ইঞ্জিঃ (MBL)
(বোন বিবাহিত)
পাত্রের শিক্ষিতা সুপাত্রী কাম্য।
ঘটক নিষ্প্রয়োজন।
মালদা - 62897 98996 /
62954 00821.
HUF-0170

পাত্রী চাই

- রায় 39+/5′5′′ হাইস্কুল শিক্ষক (আপার প্রাইমারী) পাত্রের জন্য সুশ্রী, শিক্ষিতা পাত্রী কাম্য। M - 9563114382 (সময় ঃ 6 P.M. - 10 P.M.)। HUF-0121
- ব্রাহ্মণ 36+/5′7′′ প্রাথমিক শিক্ষক, মালদা শহর নিবাসী পাত্রের জন্য অনূর্দ্ধা 30, জেনারেল, সুশ্রী পাত্রী কাম্য। M - 90027 02040 / 8016329443. OTS-0158
- কুন্ডু 31/5′10′′ সুদর্শন, B.Tech.; কোলকাতায় MNC-তে কর্মরত। উচ্চ আয়। পিতা M.B.B.S. ডাক্তার, পেনশনার। সুন্দরী, চাকুরীজীবি পাত্রী কাম্য। M - 7872130237. HUF-0128

W.B. বৈষ্ণব, মালদা, গাজোল
নিবাসী, দেবগণ 35/5′6′′ M.A.,
Govt. প্রাইমারি শিক্ষক পাত্রের
26 - 30 মধ্যে উপযুক্ত
সুশ্রী পাত্রী কাম্য।
M - 98324 77945.
KST-1983

পাত্র পূঃ বঃ ব্রাহ্মণ, 30+/5′4′′
এম.এ. (ইং.), সুদর্শন,
মালদা নিবাসী, বেসরকারি সংস্থায়
কর্মরত (মালদা)।
ঘরোয়া, চাকুরীরতা, সুশিক্ষিতা,
মার্জিত স্বভাবের পাত্রী চাই।
অসবর্ণ চলবে।
যোগাযোগ - 94344 20009.
KST-1988

ভাড়া / লীজ

- সিঙ্গাতলা, নেতাজী ক্লাব (মেডিক্যাল কলেজের কাছে) গ্রাউন্ড ফ্লোরে 3 বেডরুমের বাড়ি ভাড়া দেওয়া হবে। M - 79085 14197. HUF-0178

BUNGALOW
FOR RENT
Fully Furnished
Bungalow with
Garden, Wi-Fi,
CC TV, Parking,
Servant's Quarter
Near Rathbari (Netaji
Park) for RENT.
HUF-0097
Mob. / WA - 97751 40119

Womens College Road,
Malda Girls' School-এর
পাশে 1st Floor
2 Bedroom
with
Dining
ভাড়া দিব।
Doctor's / Bank /
Govt. Service.
M - 94235 77424.
KST-1997

কর্মখালি

- পাইকারি ঔষধের দোকানে কর্মচারী সত্ত্বর প্রয়োজন। M - 9434050252. HUF-0180

আশির্বাদ অফসেটে একজন
অভিজ্ঞ মেশিনম্যান প্রয়োজন।
যোগাযোগ - 95641 73200.
HUF-0188

- Require Website Developer Coding knowledge mandatory. Send your resume at : bimalenduone@gmail.com, M - 8697485217. HUF-0132

গৌড় রোড ঈশা ডায়াগনস্টিক
এন্ড পলিক্লিনিকে USG-তে
মহিলা অ্যাটেনডেন্ট আবশ্যক।
M - 62979 11725.
HUF-0187

টিউশন / কোচিং

- পদস্থ ইঞ্জিনিয়ার বাড়িতে গিয়ে VII - X (সমস্ত বোর্ড) ছাত্র-ছাত্রীদের চাহিদা মতো অঙ্কের CHAPTERS বোঝাচ্ছেন SLOT বুকিং-এর মাধ্যমে (বৃহঃ / শুক্র)। Pal Sir - 9932239094. HUF-0913

পরবর্তী
জরুরী গাইড অপ্রতিদ্বন্দ্বী পাক্ষিক ফ্রি শিটার
সার্কুলেশন আনলিমিটেড
বিতরিত হবে
19 মে, 2026, মঙ্গলবার।
বিজ্ঞাপন জমা দেওয়ার শেষ
তারিখ 14 মে, 2026,
বৃহস্পতিবার,
সন্ধ্যা 7 টার মধ্যে।

ক্রয়

হবিবপুর / বামনগোলাতে
কাঁচা / মোরাম রাস্তার পাড়ে
চাষযোগ্য জমি
কিনতে চাই।
মালিক যোগাযোগ করুন।
M - 86704 32226.
KST-1999

বিক্রয়

গৌড় রোড গার্ডেনে
সোয়া তিন কাঠার উপর একতলা
মার্বেল পাথরের নতুন বাড়ি,
পেছনে দেড় কাঠা জায়গা ফাঁকা
আছে। প্রকৃত ক্রেতারা যোগাযোগ
করুন - 89182 60124.
HUF-0099

পুরনো / ব্যবহৃত সম্পত্তি বেচুন
পুরনো জিনিস বা
যে কোন অস্থাবর সম্পত্তি
বিক্রি করতে চাইলে
জরুরী গাইডে বিজ্ঞাপন দিন
সর্বাধিক 50 টি অক্ষর
মাত্র 100 টাকার বিনিময়ে।
সাথে khonj.in
ওয়েবসাইটে বিনামূল্যে
30 দিনের জন্য
পোস্ট করুন।
WApp - 92334 44546.

বিক্রয়

- মালদা শহরের সুভাষপল্লীতে দেড় কাঠা করে দুটো প্লট অতি সত্বর বিক্রয়। M - 9641445946. HUF-0173
- কৃষ্ণকালিতলা, মল্লিকা লজের পিছনে তিনতলা বাড়ি বিক্রয়। M - 9933554350 / 9144805152. HUF-0106

মালদা 420 মোড়ের
কাছে বিবেকানন্দপল্লীতে
দুর্গামন্ডপের কাছে
4 কাঠা জমি সহ
বাড়ি বিক্রয় আছে।
প্রকৃত ক্রেতা যোগাযোগ করুন।
M - 98746 16456 /
97330 12628.
HUF-0125

ফ্ল্যাট বুকিং চলছে
অভিরামপুর 2nd লেন, বাঁধ রোড
সংলগ্ন J.M.C. ক্লাব-এর রাস্তায়
"HINDOL" Apartment-এ
মধ্যবিত্তের ধরাছোঁয়ার মধ্যে
B+G+6 Multi Storied
Residential Building-এ
2 BHK 750 - 850 স্কোয়ারফিট,
3 BHK 1050 - 1150 স্কোয়ারফিট,
4 BHK 1700 - 2000 স্কোয়ারফিট
ফ্ল্যাট-এর বুকিং শুরু হয়েছে।
সত্বর যোগাযোগ করুন।
Car Parking Available in Basement.
WBRERA Approved.
RERA Registration No. -
WBRERA/P/MAL/2025/002401.
Website : **www.rera.wb.gov.in**
Mobile No.
97341 02876 / 96478 01310

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

কোনও বিজ্ঞাপন সূত্র ধরে বিজ্ঞাপন দাতার সঙ্গে যোগাযোগ করার আগে পাঠকদের যথাযথ খোঁজ খবর নিতে বলা হচ্ছে। বিজ্ঞাপন দাতাদের কোনও দাবী ও বক্তব্য বিষয়ে এই বিজ্ঞাপন ক্রোড়পত্র (ফ্রী শিটার) কোনও নিশ্চয়তা বা দায়িত্ব বহন করে না। এই ঘোষণা ভারত সরকারের স্পেশাল ক্রাইম ব্রাঞ্চের নির্দেশ অনুযায়ী ছাপা হচ্ছে।

— **সম্পাদক / প্রকাশক।**

সন্তানের সঙ্গে

(চতুর্থ পাতার পর)

হবে না বা আপনার সন্তান ভয় পাবে না।

মনে রাখবেন—

১। কিছুদিনের মধ্যেই বাবা আর মায়ের ছোঁয়ার মধ্যের পার্থক্য বুঝতে শিখে যাবে। তাই দু'জনই খেয়াল রাখুন।

২। যদি দেখেন আপনার সংস্পর্শে সন্তান হাসছে, খেলছে বুঝবেন আপনার সঙ্গ তার পছন্দ হচ্ছে। অর্থাৎ বন্ডিং সফল।

৩। দিদা-দাদু-ঠাকুমা-আয়া- যার কাছে সন্তানকে রেখে অফিসে যাবেন ভেবে রেখেছেন তাঁর সঙ্গে সন্তানকে প্রতিদিন রাখুন কিছুক্ষণের জন্যে।

৪। রাতে সন্তান কান্নাকাটি করলে ভাববেন না এটা শুধুমাত্র মায়েরই দায়িত্ব। বাবাকেও কিন্তু সমানভাবে রাত জাগতে হবে, খেয়াল রাখতে হবে।

৫। বাড়িতে আসার পর সব খুঁটিনাটি বিষয়ে মনযোগী হোন। কোনও সিদ্ধান্তই অন্যদের ওপর ছেড়ে দেবেন না। বাবা-মা দুজনে একসঙ্গে সন্তানের খেয়াল রাখুন।

কত অজানারে

✤ বাল্মীকি রামায়ণে নেই, রামচন্দ্রের "অকালবোধন" বা শরৎকালে দুর্গাপুজোর কথা সম্পূর্ণ কৃত্তিবাস ওঝার কল্পনা প্রসূত।

✤ নয় দিনের পুজো, তাই দুর্গাপুজোর আর এক নাম নবরাত্রি।

✤ প্রতিবছর শোনা যায় মা দূর্গার ভিন্ন ভিন্ন বাহনে আগমন। আসলে পুজো শুরুর সাপ্তাহিক বার অনুসারে দেবীর এক-একটি বাহনের ব্যবস্থা। যেমন, রবি আর সোমবারে মাতঙ্গ অর্থাৎ, হাতি, শনি ও মঙ্গলবারে তুরঙ্গ অর্থাৎ ঘোড়া, শুক্র ও বৃহস্পতিবারে শিবিকা অর্থাৎ পালকি এবং বুধবারের বাহন নৌকা।

✤ আগে পটে আঁকা পুজোর প্রচলন ছিল। ১৬০১ খ্রীষ্টাব্দে বাঁকুড়ার মল্লরাজ হাম্বীর কুলদেবতার "মৃন্ময়ী মূর্তি" প্রতিষ্ঠা করেন। সেই থেকে শুরু হয় মাটির প্রতিমার পুজো।

✤ ভবানীপুরের সনাতন বসু ঘাট রোডের সনাতন ধর্মোৎসাহিনী সভার দুর্গাপুজোই কলকাতার প্রথম বারোয়ারি। শুরু হয় ১৯১০ সালে।

✤ ম্যাচের আগে সিগারেট লাইটার আবিস্কার হয়েছিল।

✤ আপনি যখন হাঁচি দেন তখন আপনার হৃদয় এক মিলি সেকেন্ডের জন্য থেমে যায়।

✤ ইংরেজি ভাষায় সবচেয়ে ছোট সম্পূর্ণ বাক্য হচ্ছে - I AM ।

✤ লেসার রশ্মি দিয়ে চোখের অস্ত্রোপচার পদ্ধতিটি প্রথম কার্যকারী করেন ইওরোপের দুই ডাক্তার- গ্রিসের পিলাকারিস ও ইতালির বুরাত্তো। তাঁরাই পদ্ধতিটির নাম দেন লাসিক অস্ত্রোপচার।

✤ প্রজাপতি তাদের পা দিয়ে খাবার স্বাদ গ্রহণ করে।

✤ হাতিই একমাত্র প্রাণী যারা লাফ দিতে পারে না।

✤ পৃথিবীতে এত পরিমাণে পর্যাপ্ত সোনা রয়েছে যে পুরো পৃথিবীকে আবৃত করা যাবে।

✤ মানুষ একসময় তাদের ত্বকের উন্নতির জন্য আর্সেনিক খেয়েছিল।

✤ কিছু অক্টোপাস প্রজাতি একবারে ৫৬০০০ ডিম পাড়ে।

✤ নীল তিমি এক মুখে অর্ধ মিলিয়ন ক্যালোরি খায়।

✤ পুরুষের তুলনায় নারীরা প্রায় দ্বিগুণ চোখ বুলিয়ে নেয়।

✤ চকোলেট কুকুরকে মেরে ফেলতে পারে, কারণ এতে থিওব্রোমিন থাকে।

✤ যখন চাঁদ সরাসরি মাথার উপরে থাকে, তখন আপনার ওজন কিছুটা কম অনুভূত হবে।

✤ লিওনার্দো দ্য ভিঞ্চির বিখ্যাত ছবি মোনালিসার কোনো ভ্রু নেই।

✤ গরম জল ঠান্ডা জলের চেয়ে খুব দ্রুত বরফে পরিণত হয়।

✤ মার্কিন যুক্তরাষ্ট্রের চীন এবং ব্রাজিলের মোট জনসংখ্যার চেয়ে ফেসবুকের বেশি ব্যবহারকারী রয়েছে।

✤ বিশ্বের সবচেয়ে নিরিবিলি কক্ষটি ওয়াশিংটন রাজ্যের মাইক্রোসফটের সদর দপ্তরে অবস্থিত।

✤ বিশ্বের সবচেয়ে খাটো মানুষ বাস করে ইন্দোনেশিয়ায়।

✤ দন্তচিকিৎসা বিশ্বের প্রাচীনতম পেশা।

✤ উত্তর কোরিয়া এবং কিউবা হল একমাত্র জায়গা যেখানে আপনি কোকা-কোলা কিনতে পারবেন না।

✤ নীল আর্মস্ট্রং এর চুল ২০০৪ সালে ৩০০০ ডলারে বিক্রি হয়েছিল।

✤ ব্রিটিশ সাম্রাজ্য ছিল বিশ্বের ইতিহাসে সবচেয়ে বড় সাম্রাজ্য।

✤ ১৯২১ সালে জনগণনায় দেখা যায় দুই বাংলা মিলিয়ে ২৮ টি জেলায় তাঁতের সংখ্যা ১,৮২,৪০১ এবং তাঁতের ওপর নির্ভরশীল ব্যক্তির সংখ্যা ৪ লক্ষ ৯৭ হাজার ৬২৮।

✤ মুঘল আমলে সম্রাট জাহাঙ্গিরের সেনাপতি ইসলাম খান ১৬১০ সালে রাজমহল থেকে রাজধানী ঢাকায় সরিয়ে আনেন। শহরের নামকরণ করেন জাহাঙ্গির নগর। এবং ঢাক বাজিয়ে এই বার্তা ঘোষণা করা হয়েছিল বলে নাম মুখে মুখে "ঢাকা" নামে প্রচলিত হয়ে যায়।

জ্যোতিষ চর্চা

জয় মা
কলিকাতার প্রখ্যাত জ্যোতির্ব্বিদ
ডঃ অশোক শাস্ত্রী
দক্ষিণা মাত্র ১১০২/-
— উপস্থিত থাকছেন —
প্রতি রবি, সোম, মঙ্গল ও বুধবার
জুবলী রোড, উত্তর বালুচর, মালদা
ফোন : (০৩৫১২) ২৫৭৪৩৪
মো : ৯৫৪৭৮ ১৬৩৩৩

জ্যোতিষ চর্চা

জ্যোতিষ চর্চা

জ্যোতিষী (Astrologer)
তাপস কুমার ব্যানার্জী
M.A.R.P. (Kol)
দক্ষিণ সিঙ্গাতলা, মালদা টাউন হাইস্কুলের মেইন গেটের ডান দিকে
Mobile : 98320 78468 / 92326 71649

চিয়াসিড

(প্রথম পাতার পর)

থেকে জাহাজে বা বিমানে চড়ে, চকচকে প্যাকেটে বন্দি হয়ে এই চিয়া সিড আমাদের দেশে আসে। শুধু এই দীর্ঘ পরিবহন খরচ এবং বিদেশি ব্র্যান্ডিংয়ের কারণে একটি সাধারণ বীজের দাম হয়ে যায় আকাশচুম্বী। প্রকৃতি সবসময় আমাদের চারপাশেই, আমাদের ভৌগোলিক অবস্থান অনুযায়ী প্রয়োজনীয় পুষ্টি ছড়িয়ে রাখে। আপনি যখন হাজার টাকা কেজি দরে চিয়া কিনছেন, তখন আপনি মূলত পুষ্টির চেয়ে ওই চকচকে প্যাকেজিং আর মার্কেটিংয়ের দামই বেশি দিচ্ছেন। সুস্বাস্থ্যের কোনো শর্টকাট জাদুকরী বীজ হয় না। ফাংশনাল পুষ্টি বিজ্ঞানের মূল কথা হলো বৈচিত্র্যময় প্রাকৃতিক খাবার এবং ন্যাচারাল হিলিং। আপনার যদি সামর্থ্য থাকে, তবে ডায়েটে মাঝে মাঝে চিয়া সিড রাখতেই পারেন, তাতে কোনো ক্ষতি নেই। কিন্তু একে জাদুকরী সুপারফুড ভেবে এর ওপর অন্ধভাবে নির্ভরশীল হওয়ার কিছু নেই। আপনার রান্নাঘরে থাকা সস্তা তিসি গুঁড়ো করে খাওয়া কিংবা গ্রীষ্মকালে বাজার থেকে কিনে আনা দেশি তোকমা দানাই হতে পারে আপনার মেটাবলিজমের জন্য সবচেয়ে বিশ্বস্ত বন্ধু। বিজ্ঞাপনের মায়ার জাল থেকে বেরিয়ে এসে নিজের মাটির আসল খাবারগুলো চিনতে শেখাই হলো সত্যিকারের স্বাস্থ্য সচেতনতা।

- 49" 4K LED TV ● Wi-Di রাউটার ● Android 8.1 যুক্ত মিডিয়া প্লেয়ার
- HDMI পোর্টযুক্ত শর্ট-থ্রো প্রোজেক্টর ● অ্যান্ড্রয়েড মিডিয়া প্লেয়ারযুক্ত LED প্রজেক্টর
- i_3 প্রসেসরযুক্ত ল্যাপটপ ● শক্তিশালী UPS পোডিয়াম ● 4G ইন্টারনেট রাউটার
- HD (হাই ডেফিনেসন) ভিডিও / ডিজিটাল স্টিল ফটোগ্রাফি ● Google Crome Cast
- কর্ডলেস মাইক্রোফোন ● ল্যাপেল মাইক্রোফোন ● ভয়েস রেকর্ডার ● সাউন্ড সিস্টেম
- পয়েন্টার ● Android সমৃদ্ধ HD LED মনিটর ● ইনভার্টার ● মাল্টি ইউজার স্যুইচ
- Air PC ● Blooth Tooth 5.0 Speaker ● আরো অনেক কিছু ...

রেট কার্ড পেতে অন-লাইনে লগ্ অন করুন - **aamaarshahor.com/projector**
অর্ডার করুন massmedia.malda@gmail.com এই ঠিকানায়।

Per shift upto 3 hours
Available on Rent # 9233 44 45 46

স্বত্বাধিকারী অর্ণব কুমার দে কর্তৃক ক্যুইক সার্ভিস, ১১ / ১৯ জি. কে. লেন, মকদমপুর, মালদা ৭৩২১০৩ হইতে প্রকাশিত ও মুদ্রিত। সম্পাদক ঃ অর্ণব কুমার দে। মুদ্রণ সহায়তা ঃ সত্যযুগ এমপ্লয়িজ কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল সোসাইটি লি, কলকাতা। নির্বাচিত বিতরণ কেন্দ্রগুলি থেকে বিনামূল্যে বিতরণের জন্য। **M :** 977 5454 577

প্রযুক্তিই কি মানব জীবনের সব কিছুর নিয়ন্তা হবে? উত্তর দেবে সময়

প্রফেসর (ড:)
সমিত রায়
চ্যান্সেলর,
অ্যাডামাস
ইউনিভার্সিটি

কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই)-এর প্রভাব ও আধিপত্য বাড়ছে। বাড়ছে এআই প্রভাবিত যন্ত্র বা মেশিনের চাহিদা এবং দাপটও। এসব দেখে নানা মহলে আশঙ্কা বা প্রশ্ন দেখা দিয়েছে, আগামী দিনে মানব জীবনের প্রাত্যহিক ঘটনাবলী এবং কাজকর্ম সবই কি যন্ত্র নিয়ন্ত্রণ করে দেবে? নাকি মানুষেরও নিজের তৈরি সভ্যতার উপর কিছু নিয়ন্ত্রণ থাকবে? গত সপ্তাহে গুগল-এ কর্মরত একজন পেশাদার বিজ্ঞানীর সঙ্গে কথা হচ্ছিল। তাঁর সঙ্গে কথা বলে জানার চেষ্টা করছিলাম যে, এআই পরবর্তী টেকনোলজি কী? কোন দিকে রিসার্চ চলছে? অর্থাৎ এআই পরবর্তী প্রযুক্তি নিয়ে এখন গবেষণার অভিমুখ কোন দিকে? কারণ যখন কোনও কর্পোরেট হাউজ় যখন কোনও প্রযুক্তি নিয়ে গবেষণা শুরু করে সবার আগে কর্তৃপক্ষের মাথায় থাকে সেই নতুন প্রযুক্তি দিয়ে ব্যবসা কতটা ভালো হবে? আর প্রযুক্তি সংক্রান্ত ব্যবসা যদি সফল করতে হয় তা হলে তাতে একসঙ্গে প্রচুর মানুষকে যুক্ত করতে হবে, দেখতে হবে সেই প্রযুক্তি যেন অজস্র মানুষের সুবিধের জন্য কাজে লাগে বা মানুষের জীবনকে সহজতর করতে পারে। তবেই প্রযুক্তি সংক্রান্ত গবেষণা ও ব্যবসায় সেই কর্পোরেট হাউজ় সফল হতে পারবে। বিগত এক দশকে আমরা দেখলাম, ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কী ভাবে মানুষ ডেটা খরচ করবে, কতটা কম ডেটায় বেশি তথ্য আহরণ করতে পারবে তা নিয়ে গবেষণা ও প্রচেষ্টা চালিয়েছে বিভিন্ন সংস্থা। সেই নিরন্তর প্রচেষ্টার মধ্যে ভালো মন্দ সবই যুক্ত হয়েছে। এর ফলে যোগাযোগ, পড়াশোনা, তথ্য নির্ভর গবেষণা, বিভিন্ন ব্যবসা, কাজকর্ম, উপার্জন বেড়েছে। কোটি কোটি মানুষ উপকৃত হচ্ছেন। আবার শিশু, কিশোর কিশোরী, লক্ষ লক্ষ পড়ুয়ার মধ্যে সোশ্যাল মিডিয়ার প্রতি, স্মার্টফোনের প্রতি, ভিডিও গেমসের প্রতি, তীব্র নেশা ও আকর্ষণ তৈরি হয়েছে যা তাঁদের অনেক ক্ষতিসাধন করছে। আসলে যুগ যুগ ধরে বিজ্ঞানের আবিষ্কার কোথাও আশীর্বাদ, কোথাও অভিশাপ হিসেবে দেখা দিয়েছে। আমরা প্রযুক্তিকে, বিজ্ঞানকে কী ভাবে ব্যবহার করব তার উপর নির্ভর করছে সেটি আমাদের কাছে আশীর্বাদ না অভিশাপ হিসেবে দেখা দেবে। তাই এখন যে প্রশ্নটি সবচেয়ে প্রাসঙ্গিক তা হলো, মানুষ এআই পরবর্তী টেকনোলজিকে তা হলে কী ভাবে ব্যবহার করবে? কারণ আগামী দিনের প্রযুক্তি হবে আরও উন্নত, সময়ের থেকে আরও এগিয়ে। এই প্রযুক্তি দিয়ে মানুষ তার জীবনযাপন, আর্থিক সমৃদ্ধি, ব্যবসা বাণিজ্য, উপার্জন, কাজকর্ম আরও সহজতর করতে চাইবে। তেমনই উল্টো দিকে অত্যন্ত স্মার্ট, উন্নততর এই প্রযুক্তি চাইবে মানুষকেই নিয়ন্ত্রণ করে, মানব সভ্যতাকে প্রভাবিত করতে। আমাদের মুঠোফোনটি সময়ের সঙ্গে উন্নত হয়ে স্মার্টফোনে পরিবর্তিত হয়েছে। এটি এখন প্রতি মুহূর্তের সঙ্গী ও আমাদের জীবনের একটি গুরুত্বপূর্ণ অংশে পরিণত হয়েছে। আগে কখনও ভাবা যায়নি, এই একটি ছোট্ট মুঠোফোন আমাদের আবেগ, চিন্তাভাবনা, জীবনের গতিপথকে ভীষণ ভাবে নিয়ন্ত্রণ বা প্রভাবিত করতে চলেছে। আগামী দিনের কথা ভেবে যে জিনিসটির উপর গবেষণা চলছে তা হলো, এমন একটি উন্নত প্রযুক্তি বা যন্ত্র আমাদের সর্বক্ষণের সঙ্গী হিসেবে আমরা রাখব যেটি আমাদের চিন্তা ভাবনা, অনুভূতি, চাহিদা, ভালো মন্দ, পছন্দ অপছন্দ, মানসিকতা, প্রবণতা সবই প্রতিনিয়ত সূক্ষ্মভাবে পর্যবেক্ষণ করে চুলচেরা বিশ্লেষণ করবে এবং ব্যক্তি বিশেষের পক্ষে ভালো হয় এমন জিনিস গাইড করবে বা পরামর্শ দেবে। অর্থাৎ সেটি আপনারই পোষ্য একটি প্রাণীর মতো বিশ্বস্ত ও অনুগত হবে এবং আপনার বন্ধু হিসেবে সব সময়ে পাশে থাকবে। মানুষের মনের ইচ্ছে, কাজকর্ম, আগ্রহ, প্যাশন, প্রবণতা সবই পুঙ্খানুপুঙ্খ নজরে রেখে তা বিচার বিশ্লেষণ করে আপনার পক্ষে মানানসই আপনার শরীর ও মানসিক স্বাস্থ্যের পক্ষে ভালো হবে এমন বিভিন্ন জিনিস (নাটক, সিনেমা, গান, কবিতা, খাবার দাবার, বেড়ানোর জায়গা, ওষুধপত্র, জামা কাপড়ের ব্র্যান্ড, গাড়ি, প্রসাধনী) আপনাকে সাজেস্ট করবে। কোন ধরনের পণ্য, কোন স্বভাবের মানুষ, কোন ধরনের জায়গা, কোন ধরনের ওষুধপত্র, কোন ধরনের খাবার আপনার এড়িয়ে চলা উচিত তাও বলে দেবে এই নব্য প্রযুক্তি। এ সবই সম্ভব হবে কারণ প্রযুক্তিটি আপনার মন পড়বে, আপনার অভ্যেসগুলি খুঁটিয়ে দেখবে, আপনার বিহেভিয়ারাল প্যাটার্নগুলি নজরে রাখবে। আপনার মানসিকতা, চরিত্র, স্বভাব, পছন্দ নিয়ে ডিভাইসটির কাছে থাকবে বিপুল ডেটা। হয়তো সেকেন্ডের ভগ্নাংশে সে আপনার ডেটা বিশ্লেষণ করে আপনার জন্য সবচেয়ে ভালো অপশনটি পছন্দ করে আপনার কাছে পেশ করবে। আপনি আপনার পছন্দের পণ্য বা পরিষেবাটি কোথায় পাবেন চটজলদি তারও হদিশ দেবে এবং সেখানকার সঙ্গে দ্রুত যোগাযোগ করিয়ে দেবে। অন্য ভাবে দেখলে এটি আপনার উপর গুপ্তচরের মতো কাজ করবে। আপনার উপর নীরবে, নিশ্চুপে নজর রাখবে। আপনার কাছ থেকে বিপুল তথ্য গোপনে আহরণ করবে। অদূর ভবিষ্যতে এই ধরনের প্রযুক্তিই হবে মানুষের চালিকাশক্তি। এই ধরনের প্রযুক্তির উপরেই নির্ভরতা বাড়বে। এখন প্রশ্ন হলো, এই প্রযুক্তি আপনার নিয়ন্ত্রণে থাকবে নাকি প্রযুক্তি আপনাকে নিয়ন্ত্রণ করবে? প্রযুক্তির প্রতি ভরসা রেখে আপনি সিদ্ধান্ত নেবেন নাকি আবহমান কাল ধরে চলে আসা নিয়ম মেনে আপনার পছন্দ নিয়ে আপনিই চূড়ান্ত সিদ্ধান্ত নেবেন? দক্ষতার নিরিখে এই উন্নততর প্রযুক্তি সঙ্গে কি মানুষ পাল্লা দিতে পারবে? এই সবের উত্তর একমাত্র সময়ই দিতে পারবে।

বিশ্বে মৃত্যুর অন্যতম কারণ নিউমোনিয়া

সর্দি-কাশির সঙ্গে ফারাক করবেন কীভাবে?

নিউমোনিয়া সাদারণত সর্দি-কাশির উপসর্গ নিয়ে আসে। তাই সাধরণ মানুষের মনে একটা প্রশ্ন জাগেই। সর্দি-কাশি আর নিউমোনিয়ার মধ্যে ফারাক বুঝব কী করে। নিউমোনিয়া নামটা শুনলেই ভয়। সর্দি-কাশি বেশি হলেই, অনেককে বলতে শোনা যায়, বুকে বসে গিয়ে নিউমোনিয়া না হয়ে যায়। বিশেষত বয়স্কদের। নিউমোনিয়া হওয়ার আতঙ্ক অনেক বেশি। কোভিডকালে আমরা বহু আক্রান্তকেই নিউমোনিয়ায় ঘায়েল হতে দেখেছি। নিউমোনিয়া হল ফুসফুসের ইনফেকশন। আমাদের ফুসফুসের মধ্যে থাকে আলভিওলি বা ছোট ছোট বায়ু থলি। সেখানে জীবাণুর সংক্রমণ হলে এই ইনফেকশন হয়। এটি ব্যাকটেরিয়া বাহিত বা ভাইরাস ঘটিত, দুইরকমই হতে পারে। বয়স্ক লোকেদের মধ্যে এই রোগের প্রকোপ বেশি। আবার ৫ বছরের নিচের বাচ্চাদেরও বেশি ঘায়েল করে নিউমোনিয়া। শুধু ভারত নয়, সারা বিশ্বের বিভিন্ন দেশেই নিউমোনিয়ার প্রকোপ রয়েছে। মাঝে মাঝে হাসপাতালে অন্য কোনও অসুখ নিয়ে ভর্তি হওয়ার পরও নিউমোনিয়া সংক্রমণ হতে পারে, আবার হাসপাতালের বাইরেও নিজের বাড়িতে থেকেও কেউ সংক্রমিত হতে পারেন। এখন প্রশ্ন, নিউমোনিয়া চিন্তার কারণ কেন। কারণ, নিউমোনিয়া মৃত্যুর কারণ হতে পারে। চিকিৎসায় দেরি হলে। সারা বিশ্বে যে সব রোগের কারণে বেশী সংখ্যক মানুষের মৃত্যু হয়, তার মধ্যে নিউমোনিয়াও একটি। আর শুধু আমাদের দেশে নয়, বিভিন্ন দেশেই নিউমোনিয়ার থাবা বেশ চওড়া। নিউমোনিয়া সাধারণত সর্দি-কাশির উপসর্গ নিয়ে আসে। তাই সাধারণ মানুষের মনে একটা প্রশ্ন জাগেই। সর্দি-কাশি আর নিউমোনিয়ার মধ্যে ফারাক বুঝব কী করে। সর্দি-কাশি আর নিউমোনিয়ার মধ্যে ফারাক ভাইরাল নিউমোনিয়ার ক্ষেত্রে সর্দি-কাশি, নাক দিয়ে জল পড়ার মতো উপসর্গ দেখা যায়। কিন্তু তার সঙ্গে যদি বুকে ব্যথা, চাপ ধরা, শ্বাস নিতে কষ্ট হওয়া, ক্লান্ত ভাব, সবুজ রঙের সর্দি বের হওয়ার মতো উপসর্গ যুক্ত হয়, তাহলে নিউমোনিয়া সন্দেহ করতে হবে। বয়স্কদের ক্ষেত্রে নিউমোনিয়া হলে ভুল বকার প্রবণতাও দেখা যায়। এর সঙ্গে বমি বমি ভাব হতে পারে। বেশ কিছু নিউমোনিয়ার ক্ষেত্রে অ্যান্টিবায়োটিক বেশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে। যত তাড়াতাড়ি অ্যান্টিবায়োটিকের কোর্স শুরু করা যায়, তত তাড়াতাড়িই সুস্থতার পথে এগোনো সম্ভব। মনে রাখতে হবে, নিউমোনিয়া কিন্তু বাড়াবাড়ি হলে মৃত্যুও হতে পারে। ব্যাকটেরিয়াল ী নিউমোনিয়ার ক্ষেত্রে অ্যান্টিবায়েটিক খুব ভাল কাজ করে। যেমন কোভিডের সময় কোভিড নিউমোনিয়া আটকাতে ভ্যাকসিনের ব্যবহারে অনেকটা ফল পাওয়া গিয়েছিল। কোনও কোনও ক্ষেত্রে ইনফ্লুয়েঞ্জা ফ্লু ভ্যাকসিনও অনেকটা প্রতিরোধ গড়ে তোলে। কিছু কিছু ক্ষেত্রে নিউমোনিয়ার ঝুঁকি বেশি হয়, তাদের ক্ষেত্রে বেশি সাবধান হতে হবে। যেমন - ✤ ৬৫ বা ৭০ বছরের বেশি বয়সীরা ✤ ৫ বছরের কম বয়সী শিশুরা ✤ অন্তর্নিহিত স্বাস্থ্যের অবস্থা বা দুর্বল প্রতিরোধ ব্যবস্থা যাঁদের তাঁরা ✤কেমোথেরাপি নেন যাঁরা, তাদেরও নিউমোনিয়া থেকে সাবধানে থাকতে হবে। ✤ যাঁদের ফুসফুসের অসুখ রয়েছে সিওপিডি রয়েছে, তাঁদের থাকতে হবে সাবধানে। ✤ কিডনির অসুখ থাকলে নিউমোনিয়া থেকে সাবধানে থাকতে হবে। ✤ লিভারের অসুখ থাকলে নিউমোনিয়া থেকে সাবধানে থাকতে হবে। ✤ হাঁপানির সমস্যা থাকলে নিউমোনিয়া থেকে সাবধানে থাকতে হবে। ✤ ছোট্ট বাচ্চারা যাঁরা ঘিঞ্জি এলাকায় থাকে, যারা মায়ের দুধ তেমন ভাবে পায়নি তাদেরকে নিউমোনিয়া থেকে সাবধানে থাকতে হবে।

Tele Guide.in
যাকে চাই তাকে পাই, পলকে

Trains Running Through
MLDT & NFK STATION
MAY - 2026

মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়

Mail / Express Trains

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
03039	Sat	06:25	06:30	—	—	HOWRAH-NJP JN	***Special***	NJP JN - HOWRAH	**03040**	17:10	17:15	—	—	Sat
03105	Fri	14:40	14:50	14:00	14:02	SEALDAH-LUMDING JN	***Special***	—	—	—	—	—	—	—
03129	Daily	06:20	06:30	—	—	KOLKATA-NJP JN	***Special***	NJP JN - KOLKATA	**03130**	17:10	17:20	—	—	Daily
03203	Daily	START	16:00	—	—	MALDA TOWN-KIUL JN	***Special***	KIUL JN - MALDA TOWN	**03204**	15:00	END	13:18	13:20	Daily
03409	Thu, Sat	START	20:45	21:15	21:17	MALDA TOWN-PRAYAGRAJ	***Special***	PRAYAGRAJ-MALDA TOWN	**03410**	14:.0	END	13:05	13:07	Sat, Mon
03413	Thu, Sun	START	07:10	07.42	07.44	MALDA TOWN-NEW DELHI	***Special***	NEW DELHI-MALDA TOWN	**03414**	07:55	END	06.45	06.47	Tue, Sat
03417	Sat	START	12:20	12.52	12.54	MALDA TOWN-UDHNA JN	***Special***	JHUSI-MALDA TOWN	**03418**	14:30	END	13.05	13.07	Tue
03425	Fri	START	17:30	18.02	18.04	MALDA TOWN-PUNE JN	***Special***	PUNE JN--MALDA TOWN	**03426**	16:30	END	15.30	15.32	Tue
03429	Sat	5:10	END	03.25	03.27	CHARLAPALLI-MLDA TOWN	***SF Special***	CHARLAPALLI-MALDA TOWN	**03430**	START	18:10	18.30	18.42	Tue
03435	Mon	START	09:30	10.02	10.04	MALDA TOWN-ANAND VIHAR TERMINAL	***Special***	ANAND VIHAR TERMINAL-MALDA TOWN	**03436**	22:30	END	22.07	22.09	Wed
03465	Sat	START	13:10	13:42	13:44	MALDA TOWN-DIGHA	***Special***	DIGHA-MALDA TOWN	**03466**	08:16	08:18	09:20	END	Sun
05639	Fri	04:50	05:00	—	—	SILCHAR-KOLKATA	***Special***	KOLKATA- SILCHAR	**05640**	23:15	23:25	—	—	Fri
05931	Daily	09:10	09:20	07:54	07:56	KOLKATA-DIBRUGARH	***Special***	DIBRUGARH-KOLKATA	**05932**	17:10	17:20	17:52	17:54	Daily
06565	Tue	16:30	END	15:20	15:22	SMVT BENGALURU-MALDA	***Special***	MALDA TOWN-SMVT BENGALURU	**06566**	START	16:00	16:32	16:34	Wed
08047	Sat	01:10	01:20	—	—	SANTRAGACHI-GUWAHATI	***Special***	GUWAHATI- SANTRAGACHI	**08048**	04:50	05:00	—	—	Sun
08871	Tue, Mon	08:00	END	06:33	06:35	NSCB - ITWARI JN - MALDA TOWN	***Special***	MALDA TOWN - NSCB - ITWARI JN	**08872**	START	12:55	13:27	13:29	Mon, Tue
09013	Thu	05:10	END	04:05	04-07	UDHNA JN.-MALDA TOWN	***Summer Special***	MALDA TOWN-UDHNA JN.	**09014**	START	08:10	08:42	08:44	Thu
09063	Wed	11:30	END	10:52	10:54	UDHNA JN.-MALDA TOWN	***Summer Special***	MALDA TOWN-UDHNA JN.	**09064**	START	17:35	18:07	18:09	Wed
09463	Mon	09:10	END	08:16	08:18	GANDHI DHAM JN.-MALDA TOWN	***Special***	MALDA TOWN-GANDHI DHAM JN.	**09464**	START	17:35	18:07	18:09	Mon
12041	Mon to Sat	19:30	19:35	18.41	18.42	HOWRAH-NEW JALPAIGURI	***Shatabdi Express***	NEW JALPAIGURI- HOWRAH	**12042**	08:45	08:50	09.22	09.23	Mon to Sat
12343	Daily	04:15	04:25	—	—	SEALDAH-NEW JALPAIGURI	***Darjeeling SF Express***	NEW JALPAIGURI- SEALDAH	**12344**	23:30	23:40	—	—	Daily
12345	Daily	21:30	21:40	20.41	20.43	HOWRAH- GUWAHATI	***Saraighat SF Express***	GUWAHATI-HOWRAH	**12346**	23:30	23:40	00.33	00.32	Daily
12363	Tue, Thu, Sat	15:00	15:10	—	—	KOLKATA-HALDIBARI	***SF Express***	HALDIBARI-KOLKATA	**12364**	13:25	13:35	—	—	Wed, Fri, Sun
12377	Daily	05:25	05:30	—	—	SDAH-NEW ALIPURDUAR	***Padatik SF Express***	NEW ALIPURDUAR-SEALDAH	**12378**	00:40	00:45	—	—	Daily
12501	Thu	08:15	08:25	—	—	KOLKATA-AGARTALA	***Garib Rath Express***	AGARTALA-KOLKATA	**12502**	04:00	04:10	—	—	Mon
12503	Thu, Sun	00:25	00:35	—	—	SMVT BENGALURU-AGARTALA Humsafar	***SF Express***	AGARTALA-SMVT BENGALURU	**12504**	06:50	07:00	—	—	Wed, Sun
12507	Thu	17:05	17:15	—	—	THURUVANANTHAPURAM-SILCHAR	***CENTRAL SF Express***	SILCHAR-THURUVANANTHAPURAM	**12508**	18:50	19:00	—	—	Fri
12509	Fri, Sat, Sun	16:05	16:15	15.03	15.05	SMVT BENGALURU-GUWAHATI	***SF Express***	GUWAHATI-SMVT BENGALURU	**12510**	18:50	19:00	19.32	19.34	Mon, Tue, Sun
12513	Mon	00:25	00:35	23.18	23.20	SECUNDERABAD-GUWAHATI	***SF Express***	GUWAHATI- SECUNDERABAD	**12514**	18:50	19:00	19.32	19.34	Thu
12515	Tue	16:05	16:15	15.03	15.05	COIMBATORE-SILCHAR	***SF Express***	SILCHAR-COIMBATORE	**12516**	18:50	19:00	19.32	19.34	Wed
12517	Fri	04:00	04:10	—	—	KOLKATA-GUWAHATI	***Garib Rath Express***	GUWAHATI-KOLKATA	**12518**	08:15	08:25	—	—	Sun
12551	Mon	02:05	02:15	—	—	SMVT BENGALURU-KAMAKHYA	***AC SF Express***	KAMAKHYA- SMVT BENGALURU	**12552**	02:00	02:10	—	—	Thu
13011	Daily	22:45	ENDS	21.45	21.47	HOWRAH-MALDA TOWN	***SF Intercity Express***	MALDA TOWN- HOWRAH	**13012**	START	04:30	05.02	05.04	Daily
13033	Daily	07:10	07:20	06.00	06.05	HOWRAH-KATIHAR	***Express***	KATIHAR- HOWRAH	**13034**	19:10	19:20	20.06	20.08	Daily
13053	Daily	15:30	15:40	14.38	14.40	HOWRAH-RADHIKAPUR	***Kulik Express***	RADHIKAPUR- HOWRAH	**13054**	09:05	09:15	09.37	09.39	Daily
13063	Mon to Fri	15:15	15:25	14.13	14.15	HOWRAH-BALURGHAT	***Express***	BALURGHAT- HOWRAH	**13064**	23:00	23:10	23.42	23.44	Mon to Fri
13125	Daily	18:25	18:35	17.40	17.42	KOLKATA-SAIRANG	***Mail Express***	SAIRANG-KOLKATA	**13126**	08:47	08:49	08.05	08.15	Daily
13141	Daily	22:05	22:15	21.09	21.14	SEALDAH-NEW ALIPURDUAR	***Teesta Torsa Express***	NEW ALIPURDUAR-SEALDAH	**13142**	20:20	20:30	21.02	21.07	Daily
13145	Daily	02:40	02:50	01.32	01.37	KOLKATA-RADHIKAPUR	***Express***	RADHIKAPUR- KOLKATA	**13146**	00:10	00:20	00.52	00.57	Daily
13147	Daily	02:20	02:30	01.20	01.25	SEALDAH-BAMANHAT	***Uttar Banga Express***	BAMANHAT- SEALDAH	**13148**	22:20	22:30	23.02	23.07	Daily
13149	Daily	03:10	03:20	02.06	02.11	SEALDAH- ALIPURDUAR	***Kanchan Kanya Express***	ALIPURDUAR- SEALDAH	**13150**	01:10	01:20	01.52	01.57	Daily
13153	Daily	06:15	ENDS	04.48	04.53	SEALDAH- MALDA TOWN	***Gour Express***	MALDA TOWN- SEALDAH	**13154**	START	21:25	21.47	21.52	Daily
13159	Tue, Thu, Sat	05:00	05:10	03.53	03.55	KOLKATA-JOGBANI	***Express***	JOGBANI- KOLKATA	**13160**	20:05	20:15	20.47	20.49	Tue, Thu, Sat
13161	Mon to Fri, Sun	18:40	18:50	17.57	17.59	KOLKATA CHITPUR- BALURGHAT	***Tebhaga Express***	BALURGHAT- KOLKATA CHITPUR	**13162**	08:00	08:10	08.42	08.44	Mon to Sat

সরকারী নথিতে
নামের বানান ভুল নেই তো?
এফিডেভিট | সংবাদপত্রে ঘোষণা প্রকাশ | গ্যাজেট নোটিফিকেশন
আইনি পরামর্শ ও সহযোগিতা > মাস মিডিয়া 9233 44 45 46

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
13163	Thu, Sat to Tue	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	***Hate Bazare Express***	SAHARSA- SEALDAH	**13164**	22:40	22:50	23.22	23.24	Thu, Sat to Tue
13169	Wed, Fri	04:35	04:45	03.37	03.42	SEALDAH-SAHARSA	***Hate Bazare Express***	SAHARSA- SEALDAH	**13170**	22:40	22:50	23.22	23.24	Wed, Fri
13173	Tue, Thu, Fri, Sun	13:35	13:45	12.50	12.52	SEALDAH-AGARTALA	***Kanchanjungha Express***	AGARTALA- SEALDAH	**13174**	12:25	12:35	13.12	13.14	Mon, Wed, Fri, Sun
13175	Mon, Wed, Sat	13:35	13:45	12.50	12.52	SEALDAH-SILCHAR	***Kanchanjungha Express***	SILCHAR- SEALDAH	**13176**	12:25	12:35	13.12	13.14	Tue, Thu, Sat
13181	Mon	15:00	15:10	—	—	KOLKATA CHITPUR-SILGHAT TOWN	***Kaziranga Express***	SILGHAT TOWN-KOLKATA CHITPUR	**13182**	06:20	06:30	—	—	Wed
13189	Daily	05:40	05:50	04.26	04.28	SEALDAH-BALURGHAT	***Express***	BALURGHAT-SEALDAH	**13190**	21:30	21:40	22.17	22.19	Daily
13409	Daily	START	05:50	06.12	06.14	MALDA TOWN-KIUL	***Intercity Express***	KIUL- MALDA TOWN	**13410**	20:45	ENDS	19.38	19:40	Daily
13413	Mon, Thu, Sat	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	***Farakka Express***	BATHINDA- MALDA TOWN	**13414**	09:50	10.00	08.55	09.00	Wed, Sat, Mon
13415	Wed, Fri, Sun	START	20:15	20.47	20.49	MALDA TOWN-PATNA	***Express***	PATNA- MALDA TOWN	**13416**	07:50	ENDS	06.26	06.28	Tue, Fri, Sun
13417	Thu	14:25	ENDS	13.35	13.37	DIGHA- MALDA TOWN	***Express***	MALDA TOWN- DIGHA	**13418**	START	07:45	08.22	08.24	Thu
13421	Mon, Thu	09:30	ENDS	08.45	08.47	NABADWIP DHAM- MALDA TOWN	***Express***	MALDA TOWN- NABADWIP DHAM	**13422**	START	17:00	17.37	17.39	Mon, Thu
13425	Sat	START	12:55	13.27	13.29	MALDA TOWN-SURAT	***Express***	SURAT- MALDA TOWN	**13426**	05:45	ENDS	04.43	04.45	Wed
13429	Fri	START	09:30	—	—	MALDA TOWN-ANAND VIHART	***Weekly Express***	ANAND VIHAR- MALDA TOWN	**13430**	23:30	ENDS	—	—	Sun
13431	Tue, Wed, Fri, Sat, Sun	09.30	09:40	08.45	08.47	NABADWIP-BALURGHAT	***Express***	BALURGHAT-NABADWIP	**13432**	16.50	17.00	17.37	17.39	Tue, Wed, Fri
13433	Thu	11:00	ENDS	10.00	10.01	BENGALURU-MALDA TOWN	***Amrit Bharat Express***	MALDA TOWN - BENGALURU	**13434**	START	08.50	09.22	09.23	Sun
13465	Daily	20:30	ENDS	19.26	19.28	HOWRAH- MALDA TOWN	***Intercity Express (Via Azimganj)***	MALDA TOWN-HOWRAH	**13466**	START	06:05	06.32	06.34	Daily
13483	Sun, Tue, Wed, Fri	19.25	19:35	20.14	20.21	MALDA TOWN-BATHINDA	***Farakka Express***	BATHINDA- MALDA TOWN	**13484**	09:50	10.00	08.55	09.00	Thu, sat, Sun, Tue
14003	Tue, Sat	START	09:30	10.02	10.07	MALDA TOWN-NEW DELHI	***Express***	NEW DELHI- MALDA TOWN	**14004**	23:30	ENDS	22.07	22.12	Mon, Fri
15227	Fri	17:05	17:15	—	—	SMVT BENGALURU-MUZAFFARPUR	***Express***	MUZAFFARPUR- SMVT BENGALURU	**15228**	16:05	16:15	—	—	Mon
15619	Tue	23:15	23:25	22.17	22.19	GAYA-KAMAKHYA	***Express***	KAMAKHYA- GAYA	**15620**	20:05	20:15	20.47	20.49	Mon
15629	Wed	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-SILGHAT TOWN	***Nagaon Express***	SILGHAT TOWN- TAMBARAM	**15630**	04:00	04:10	04.42	04.44	Sat
15639	Wed	08:25	08:35	07.38	07.40	PURI- KAMAKHYA	***Express***	KAMAKHYA- PURI	**15640**	07:35	07:45	08.22	08.24	Mon
15643	Sun	15:00	15:10	13.50	13.52	PURI- KAMAKHYA	***Express***	KAMAKHYA- PURI	**15644**	13:45	13:55	14.27	14.29	Fri
15647	Sat	23:15	23:25	22.07	22.09	LOKMANYATILAK-GUWAHATI	***Express***	GUWAHATI- LOKMANYATILAK	**15648**	04:00	04:10	04.42	04.44	Wed
15657	Daily	00:05	00:15	22.41	22.43	DELHI- KAMAKHYA	***Brahmaputra Mail***	KAMAKHYA- DELHI	**15658**	03:35	03:45	04.17	04.19	Daily
15661	Thu	08:25	08:35	07.38	07.40	RANCHI- KAMAKHYA	***Express***	KAMAKHYA- RANCHI	**15662**	02:00	02:10	02.42	02.44	Wed
15709	Daily	START	16:50	—	—	MALDA TOWN-NEW JALPAIGURI	***Express***	NEW JALPAIGURI- MALDA TOWN	**15710**	12:50	ENDS	—	—	Daily
15711	Wed	04:00	04:10	—	—	HOWRAH-KATIHAR	***Express***	KATIHAR- HOWRAH	**15712**	00:55	01:05	—	—	Tue
15721	Sun	04:00	04:10	—	—	DIGHA- NEW JALPAIGURI	***Paharia Express***	NEW JALPAIGURI- DIGHA	**15722**	00:55	01:05	—	—	Sat
15733	Mon, Thu, Sat	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	***Farakka Express***	NBATHINDA- BALURGHAT-	**15734**	09:50	10:00	08.55	09.00	Wed, Fri, Mon
15743	Tue, Wed, Fri, Sun	19.25	19.35	20.14	20.21	BALURGHAT-BATHINDA	***Farakka Express***	NBATHINDA- BALURGHAT-	**15744**	09:50	10:00	08.55	09.00	Thu, Sat, Sun, Tue
15929	Sat	09:10	09:20	08.13	08.15	TAMBARAM-NEW TINSUKIA	***Express***	NEW TINSUKIA- TAMBARAM	**15930**	04:00	04:10	04.42	04.44	Tue
15959	Sun, Mon, Wed, Thu, Fri	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	***Kamrup Express***	DIBRUGARH- HOWRAH	**15960**	21:50	22:00	22.32	22.37	Sun, Tue, Wed, Thu, Sat
15961	Tue, Sat	01:25	01:35	00.27	00.32	HOWRAH-DIBRUGARH	***Kamrup Express***	DIBRUGARH- HOWRAH	**15962**	21:50	22:00	22.32	22.37	Mon, Fri
20501	Wed	15:00	15:10	—	—	AGARTALA-ANANDVIHAR TERMINAL	***AGTL Tegas Raj Express***	ANANDVIHAR TERMINAL-AGARTALA	**20502**	16:25	16:35	—	—	Wed
20507	Sat	14:50	15:00	—	—	SAIRANG-ANAND VIHAR TARMINAL	***Rajdhani Express***	ANAND VIHAR TARMINAL-SAIRANG	**20508**	—	—	16:15	16:25	Mon
22301	Daily except Wed	10:32	10:35	—	—	HOWRAH- NEW JALPAIGURI	***Vande Bharat Express***	NEW JALPAIGURI- HOWRAH	**22302**	17:55	17:58	—	—	Daily Except Wed
22501	Wed	17:05	17:15	—	—	SMVT BENGALURU- NEW TINSUKIA	***SF Express***	NEW TINSUKIA- SMVT BENGALURU	**22502**	18:50	19:00	—	—	Sat
22503	Sat, Tue	20:05	20:15	—	—	KANYAKUMARI-DIBRUGARH	***Vivek Express***	DIBRUGARH- KANYAKUMARI	**22504**	19:45	19:55	—	—	Wed, Sun
22511	Thu	01:10	01:20	—	—	LOKMANYATILAK-KAMAKHYA	***Karmabhoomi SF***	ExpressKAMAKHYA- LOKMANYATILAK	**22512**	07:35	07:45	—	—	Sun
22611	Thu	23:15	23:25	—	—	MAS CHENNAI CENTRAL- NEW JALPAIGURI	***SF Express***	NEW JALPAIGURI- MAS CHENNAI CENTRAL	**22612**	02:00	02:10	—	—	Sat
27575	Daily	22:50	23:00	21:48	21:50	HOWRAH-KAMAKHYA	***Vande Bharat Sleeper Express***	KAMAKHYA-HOWRAH	**27576**	04:05	04:07	03.25	03.35	Daily

Passenger Trains

Nos.	UP	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	Trains Name	Trains Type	Trains Name	Nos.	MLDT Arriv	MLDT Dep.	NFK Arriv	NFK Dep.	DN
03767	Daily	08:55	ENDS	07.59	08.01	SAHIBGANJ- MALDA TOWN	***Passenger***	MALDA TOWN- SAHIBGANJ	**03768**	START	16:30	17.21	17.23	Daily
05421	Daily	START	07:00	—	—	MALDA TOWN-BALURGHAT	***Passenger***	BALURGHAT - MALDA TOWN	**05422**	20:45	ENDS	—	—	Daily
05701	Daily	START	08:00	—	—	MALDA TOWN-KATIHAR	***Passenger***	KATIHAR - MALDA TOWN	**05702**	18:30	ENDS	—	—	Daily
05771	Daily	START	17:30	—	—	MALDA COURT-KATIHAR	***Passenger***	KATIHAR - MALDA COURT	**05772**	09:45	ENDS	—	—	Daily
07519	Daily	START	06:30	—	—	MALDA COURT-SILIGURI JN.	***Passenger***	SILIGURI JN. - MALDA COURT	**07520**	18:15	ENDS	—	—	Daily
53027	Daily	19:45	ENDS	18.18	18.20	AZIMGANJ- MALDA TOWN	***Passenger***	MALDA TOWN- AZIMGANJ	**53028**	START	07:10	07.58	08.02	Daily

Publish, Printed & Copyright reserved by Mass Media. ● Source : **https://enquiry.indianrail.gov.in/mntes/**

বাল আধার কার্ড

আপনার শিশুর পরিচয়পত্র তৈরি করুন আজই!

আপনার ছোট্ট সোনামণির জন্যও দরকার আধার কার্ড! স্কুলে ভর্তি, সরকারি সুবিধা, স্বাস্থ্য প্রকল্প সব কিছুতেই লাগে বাল আধার।

চলুন জেনে নিই সম্পূর্ণ তথ্য

বাল আধার কার্ড কী?

৫ বছরের কম বয়সি শিশুদের জন্য UIDAI একটি বিশেষ নীল রঙের আধার কার্ড ইস্যু করে এটিই বাল আধার কার্ড। ২০১৮ সাল থেকে চালু হয়েছে এই কার্ড। এতে শিশুর কোনো বায়োমেট্রিক (আঙুলের ছাপ বা চোখের স্ক্যান) নেওয়া হয় না।

কী কী ডকুমেন্ট লাগবে?

- শিশুর জন্ম সার্টিফিকেট।
- মা বা বাবার আধার কার্ড (যেকোনো একজনের)।
- ঠিকানার প্রমাণ রেশন কার্ড / ইলেকট্রিসিটি বিল / অভিভাবকের আধার শিশুর আলাদা ঠিকানার প্রমাণ না থাকলে বাবা-মায়ের আধার কার্ডই যথেষ্ট!

কোথায় যেতে হবে?

কাছের যেকোনো আধার সেবা কেন্দ্র / Aadhaar Enrollment Centre.

নিকটবর্তী কেন্দ্র খুঁজতে যান uidai.gov.in My Aadhaar Book an Appointment.

অনলাইনে অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারবেন, তবে সেন্টারে সশরীরে যেতেই হবে।

কত টাকা খরচ?

সম্পূর্ণ বিনামূল্যে! ০০ (শূণ্য টাকা)

কীভাবে আবেদন করবেন? (Step by Step)

- UIDAI ওয়েবসাইটে গিয়ে কাছের আধার সেন্টারের তথ্য নিন।
- সেন্টারে গিয়ে বাল আধার ফর্ম পূরণ করুন।
- শিশুর জন্ম সার্টিফিকেট ও অভিভাবকের আধার জমা দিন।
- শিশুর একটি ছবি তোলা হবে।
- অ্যাকনলেজমেন্ট স্লিপ নিন (এটি দিয়ে ট্র্যাক করুন)।
- রেজিস্টার্ড মোবাইলে SMS আসবে ৬০ থেকে ৯০ দিনের মধ্যে কার্ড ডাকে পৌঁছে যাবে।

গুরুত্বপূর্ণ তথ্য মনে রাখুন

- শিশুর ৫ বছর বয়স হলে বায়োমেট্রিক আপডেট বাধ্যতামূলক
- ১৫ বছর বয়সে আবার বায়োমেট্রিক আপডেট করতে হবে
- শিশুর আধার নম্বর বাবা-মায়ের আধারের সঙ্গে লিঙ্ক থাকবে
- ৫ বছর পেরিয়ে গেলে নতুন সাধারণ আধার কার্ড বানাতে হবে

কোথায় কাজে লাগবে এই কার্ড?

- স্কুলে ভর্তি
- সরকারি স্বাস্থ্য প্রকল্প ও টিকাকরণ
- বৃত্তি ও সরকারি ভর্তুকি
- যেকোনো KYC প্রক্রিয়া
- আজই আবেদন করুন এবং আপনার সন্তানের ভবিষ্যৎ সুরক্ষিত করুন!

Website : uidai.gov.in

বাড়িতেই কাঁচা আমের সহজ সংরক্ষণ

ডঃ কমলকৃষ্ণ দাস ঃ বৃষ্টির দেখা না মেলায় বোঁটা শুকিয়ে আম ঝরে পড়ার ঘটনা জেলার আমচাষীদের হতাশ করতে শুরু করেছে। সাইজে বেশ বড় এই আমগুলো ঝরে পড়তে থাকায় বেশ কম দামে বাজারে বিকোচ্ছেও দেদার। এই সুযোগে ভোজন রসিক বাঙালি মজেও রয়েছে কাঁচা আমের একাধিক রেসিপিতে। কাঁচা আমের চাটনী, আম মাখা, টক-ডাল, আম-পোড়া শরবত প্রভৃতিতে রসনা তৃপ্তির পাশাপাশি কারোর কারোর আক্ষেপও চলেছে, 'ইস সারা বছর যদি কাঁচা আম পাওয়া যেত..!'

তো আজ ছোট্ট পরিসরে ভোজন ও আম রসিক আপামর বাঙালীর জন্য সারা বছর কাঁচা আম কিভাবে স্বল্প খরচে ও সহজ উপায়ে বাড়িতেই সংরক্ষণ করা যায়, তার একটা রূপরেখা দেওয়ার চেষ্টা করছি। করে দেখতে পারেন সকলে। তাহলে সারা বছর নির্দ্বিধায় কাঁচা আমের স্বাদে রসনা তৃপ্তির একটা বন্দোবস্ত হয়ে যেতে পারে।

আমি এক কেজি আমের সাপেক্ষে উপকরণগুলির পরিমাপ দিচ্ছি। আপনারা সেই অনুপাতে সেগুলো কমিয়ে বা বাড়িয়ে নেবেন।

১) প্রথমে এক কেজি টাটকা কাঁচা আম সংগ্রহ করে সেগুলোকে পরিষ্কার জলে ভাল করে ধুয়ে নেবেন।

২) এরপর পরিষ্কার কাপড়ের টুকরো দিয়ে ধোয়া আমগুলোকে ভাল করে মুছে নিন।

৩) মেঝেতে খবরের কাগজের শিট বিছিয়ে তার উপর আমগুলোকে রেখে ফ্যান চালিয়ে ভাল মত শুকিয়ে নিন অন্তত ১৫ মিনিট ধরে।

৪) এরপর বঁটির সাহায্যে প্রথমে আমগুলোর বোঁটার দিকের অংশ গোল করে কিছুটা কেটে বাদ দিন। তারপর চোকা সমেত লম্বালম্বিভাবে মাঝখান থেকে কেটে পুরো আমটিকে দুই ভাগ করুন।

৫) এবার প্রতিটি ভাগকে লম্বালম্বি আপনার প্রয়োজন মত তিন বা চার টুকরো করে নিন ও একটি শুকনো পাত্রে সেগুলো রাখুন।

৬) একটি পাত্রে একলিটার জল ফুটিয়ে নিন। জল ফুটতে শুরু করলে তাতে ২০০ গ্রাম পরিমান লবন (সোডিয়াম ক্লোরাইড) দিয়ে একটা দ্রবণ তৈরি করে নিন।

৭) দ্রবণটি একদম ঠান্ডা করে নিন।

৮) এবারে একটি কাঁচের জারে কেটে রাখা আমের টুকরোগুলো প্রবেশ করান ও তাতে ধীরে ধীরে ঠান্ডা হয়ে যাওয়া লবন-জলের দ্রবণ ঢালতে থাকুন।

৯) দ্রবণ ঢালা হয়ে গেলে এক চা-চামচ পরিমান মত হলুদ সরিষার গোটা দানাগুলো ধীরে ধীরে প্রবেশ করান। প্রবেশ করানোর সময় মাঝে মাঝেই কাঁচের জারটিকে একটু করে ঝাঁকিয়ে নেবেন, যাতে বোতলের নানান প্রান্তে সরিষা দানাগুলো ছড়িয়ে থাকে।

১০) সবশেষে জারের মধ্যে দুই চা-চামচ পরিমান মত ভিনিগার মিশিয়ে জারের মুখ বন্ধ করে একটু খানি সমগ্র জারটিকে দুই হাতে নিয়ে ধীর লড়ে ঝাঁকিয়ে নেবেন।

ব্যস আপনার কাজ শেষ। সারা বছর কাঁচা আমের স্বাদ ও গন্ধ এখন আপনার হাতের মুঠোয়। শুধু তাই নয় এইভাবে সংরক্ষণ করতে পারলে কাঁচা আমের কচকচে ভাবটাও অটুট থাকে। তবে সবসময় জারটি ঠান্ডা জায়গায় রাখবেন। রোদে বা বেশি গরমে এটি নষ্ট হয়ে যেতে পারে। অতিরিক্ত গরমের দিনগুলোতে ফ্রিজেও রাখতে পারেন।

MMC
Malda
ISO 9001 : 2015 & NABH Certified Hospital

সুপার স্পেশালিস্ট বহিঃ বিভাগের ডাক্তারদের তালিকা

SPECIALIST	DOCTORS NAME	AVAILABILITY
গ্যাস্ট্রোএন্ট্রোলজিস্ট	ডাঃ নিরাজ আগরওয়ালা এম.ডি, ডি.এম. (গ্যাস্ট্রো)	সোম থেকে শনি
	ডাঃ আবদুল্লাহ মহম্মদ হাসান এম.ডি (মেডিসিন), ডি.এম (হেপাটোলজি)	প্রতি শনিবার
	ডাঃ পর্ণা রায় মণ্ডল এম.ডি, ডি.এম. (গ্যাস্ট্রো)	সোম থেকে শনি
নেফ্রোলজিস্ট	ডাঃ অভিরাল কাশ্যপ এম.ডি, ডি এন বি, ডি.এম (নেফ্রো)	মাসে একবার
পেডিয়াট্রিক কার্ডিওলজিস্ট	ডাঃ নুরুল ইসলাম এমডি, এফএনবি	03.05.2026
বিশিষ্ট কার্ডিওলজিস্ট	ডাঃ আশফাক আহমেদ এম.ডি, ডি.এম (কার্ডিওলজি)	মাসে একবার
নিউরো ফিজিসিয়ান	ডাঃ কৌশিক কর্মকার এম.ডি, ডি.এম পি.ডি.টি (নিউরো)	মাসে একবার
ইউরোলজিস্ট ও সার্জেন	ডাঃ কুন্তল পন্ডিত এম.এস, ডি.এন.বি (ইউরো)	মাসে একবার
	ডাঃ ইসফাক আহমেদ জিলানী এম.এস, এম.আর.সি.এস, ডি.এন.বি	08.05.2026
ইনফার্টিলিটি ক্লিনিক	ডাঃ সুপর্ণা ব্যানার্জী ডি.জি.ও, এম.ডি, এম.আর.সি.ও.জি	30.04.2026
পেডিয়াট্রিক হেমাটোলজিস্ট	ডাঃ স্নেহা আগরওয়ালা এম.ডি. (পি.এ.ই.ডি), এফ.এন.বি	মাসে একবার
নিউরো সার্জেন	ডাঃ শেখ ইমরান আলি এম.বি.বি.এস, ডি.এন.বি, এম.সি.এইচ. (নিউরো)	10.05.2026
	ডাঃ অশোক কুমার আচার্য্য এম.এস, এম.সি.এইচ (নিউরো)	প্রতি মঙ্গল ও বুধবার

২৪×৭ নার্সিং হোম পরিষেবা ও ৩৬৫ দিন ডায়াগনষ্টিক ও ও.পি.ডি
TPA / ক্যাসলেশ ইন্স্যুরেন্স / প্যাকেজের সুবিধা
SBI general · HDFC ERGO · STAR · IFFCO-TOKIO · ACKO · BAJAJ Allianz · Safeway · Chola MS · ICICI Lombard · FUTURE GENERALI
মালদা মেডিক্যাল সেন্টার প্রাঃ লিঃ
কে. জে. সান্যাল রোড, মকদুমপুর, মালদা – ৭৩২১০৩
8170007650 / 9434052889
Find us www.mmchospitals.com

SHESHRAJ MEDICARE
CHEST PAIN EMERGENCY
✓ Immediate ECG & Diagnosis
✓ ICU Support Available
✓ 24X7 Emergency Response
BREATHING PROBLEM CASE
✓ Oxygen & Ventilator Support
✓ ICU Monitoring
✓ Rapid X-Ray Diagnosis
DIALYSIS CARE AVAILABLE
✓ Safe & Hygienic Dialysis Unit
✓ Expert Monitoring
✓ Comfortable Care Environment
IMMEDIATE CARE MATTERS
✓ Emergency Stabilization
✓ On-Spot X-Ray & Diagnosis
✓ ICU Backup
ICU | DIALYSIS | PATHOLOGY | USG | X-RAY | ECG
All Your Critical Care Needs At One Place.
শেষরাজ মেডিকেয়ার (নার্সিং হোম)
+91 7872002024
যদুপুর, কমলাবাড়ি, মালদা – ৭৩২১০৩

সন্তানের সঙ্গে বন্ডিং-এ নজর দিন প্রথম থেকেই

সন্তানের সঙ্গে "বন্ডিং" একান্ত প্রয়োজন। সন্তান জন্মানোর সঙ্গে সঙ্গেই ভালোবাসা গড়ে উঠবে এমনটা নাও হতে পারে। আপনার সদ্যোজাতরও সময় লাগতে পারে কিছুটা। কীভাবে সামলাবেন পরিস্থিতি?

আমাদের সাধারণ ধারণা বলে প্রথম যখন সন্তানকে কোলে নেয় মা, তখনই এক অদ্ভুত ভালোবাসা অনুভূত হয়। বাবার ক্ষেত্রেও এমন ধারণাই প্রযোজ্য। কিন্তু এমনটা না হলে অবাক হওয়ার কিছু নেই। নিজেকে দোষারোপ করারও প্রয়োজন নেই। সময় লাগতেই পারে। কেন সময় লাগছে না ভেবে কী করলে বন্ডিংটা সুন্দর হবে সেদিকে খেয়াল রাখুন। সন্তান হওয়ার ধকল মায়ের শরীরের ওপর দিয়েই যায়। ফলে সন্তানের খেয়াল রাখার পাশাপাশি নিজের শারীরিক যন্ত্রণাও অন্তরায় হয়ে দাঁড়ায়। নিজের না সদ্যোজাতের, কার খেয়াল রাখবেন এই নিয়ে দিশেহারা হয়ে পড়েন সদ্য মায়েরা। অনেক সময় ডিপ্রেশনও কাজ করে।

মনে হতে থাকে সবাই সন্তানকে নিয়েই ব্যস্ত। তাঁর শারীরিক অবস্থার কথা আপনজনেরা আর ভাবছেন না। বাবার ক্ষেত্রে সমস্যাটা আবার অন্যরকম। ভয় কাজ করে সন্তান সম্বন্ধীয় কোন সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে। শুধু মনে হতে থাকে কিছু করতে গেলে, এমনকি কোলে নিতে গেলেও সন্তানের যদি আঘাত লাগে! ফলে স্বভাবতই একটা দূরত্ব তৈরি হয়ে যায়। প্রাথমিকভাবে সন্তানের খেয়াল রাখাই বন্ডিং-এর প্রথম ধাপ।

বাড়িতে আসার পর সব খুঁটিনাটি বিষয়ে মনযোগী হোন। কোনও সিদ্ধান্তই অন্যদের ওপর ছেড়ে দেবেন না। বাবা-মা দু'জনে একসঙ্গে সন্তানের খেয়াল রাখুন। মায়ের সঙ্গে প্রথম থেকেই একটা বায়োলজিকাল বন্ডিং গড়ে ওঠে, কিন্তু বাবাকে সন্তান হওয়ার পর সেই প্রচেষ্টা করতে হবে।

রাতে সন্তান কান্নাকাটি করলে ভাববেন না এটা শুধুমাত্র মায়েরই দায়িত্ব। বাবাকেও কিন্তু সমানভাবে রাত জাগতে হবে, খেয়াল রাখতে হবে। নাহলে ভবিষ্যতে সন্তান কিন্তু বাবাকে ভরসাই করতে পারবে না। সব কিছুর জন্য মায়ের ওপর নির্ভরশীল হয়ে পড়বে।

মনে রাখবেন বন্ডিং মানে কিন্তু না চাইতেই সব কিছু দিয়ে দেওয়া নয়। বরং সন্তানের প্রয়োজন বুঝে তার পাশে থাকা। সন্তান হওয়ার পর যতটা কাছে যেতে পারবেন ভবিষ্যতে কিন্তু ততটাই ভালো হবে আপনাদের সম্পর্ক। তাই চেষ্টা করতে হবে প্রথম থেকেই।

ছোঁয়াই সন্তানের বন্ডিং—

আপনার সন্তান আপনাকে পছন্দ করছে কি? আপনার ভালোবাসা বুঝতে পারছে কি? কী করে বুঝবেন?

ছোঁয়াই সন্তানের ভালোবাসার প্রাথমিক প্রকাশ। আপনি যদি আলতো ছুঁয়ে ভালোবাসা প্রকাশ করেন আপনার সন্তানও সেটাই করতে চাইবে। স্কিন-টু-স্কিন কনট্যাক্ট ছোটরা বুঝতে পারে। কিছুদিনের মধ্যেই বাবা আর মায়ের ছোঁয়ার মধ্যের পার্থক্য বুঝতে শিখে যাবে। চোখের দিকে তাকিয়ে কথা বললে আপনার বলার ধরন, শব্দ চয়নের সঙ্গে পরিচিতি গড়ে উঠবে। অনর্গল কথা বলে গেলেও আপনাকে ঠিক নিতে পারবে সন্তান। তাই যে কোন একটা পদ্ধতি বা সব কটাই ট্রাই করে দেখতে পারেন। খেয়াল রাখবেন বেশ কিছুটা সময় যেন আপনার সন্তান আপনাকে পায়। তাকে দেখাশোনা করার জন্যে যত লোকই থাক, বাবা-মাকে সে কিন্তু প্রথম থেকে চিনে নেবে। যদি দেখেন আপনার সংস্পর্শে সন্তান হাসছে, খেলছে- বুঝবেন আপনার সঙ্গ তার পছন্দ হচ্ছে। শুধু বাবা-মা নয়, সাপোর্ট সিস্টেমের সঙ্গেও কিন্তু সম্পর্ক গড়ে তুলতে হবে। মা-বাবা দুজনকেই কাজের জন্যে বাইরে যেতে হলে তো বটেই।

দিদা-দাদু-ঠাকুমা-আয়া- যার কাছে সন্তানকে রেখে অফিসে যাবেন ভেবে রেখেছেন তাঁর সঙ্গে সন্তানকে প্রতিদিন রাখুন কিছুক্ষণের জন্যে। ফলে আপনাদের অনুপস্থিতিতে সন্তানের কোনও সমস্যা

(এরপর ২-এর পাতায়)

MMC SKIN INSTITUTE Laser - Skin - Hair - Nail - Cosmetic
এমএমসি স্কিন ইনস্টিটিউট
লেজার | স্কিন | হেয়ার | নেল | কসমেটিক
চর্ম, চুল এবং নখের সমস্ত চিকিৎসা
চর্ম, চুল এবং নখের যেকোনো সমস্যার চিকিৎসা, স্কিন বায়োপসি ও সমস্ত পরীক্ষা-নিরীক্ষা আধুনিক মেশিনের সাহায্যে করা হয়।
লেজার চিকিৎসা
হেয়ার রিমুভ্যাল, স্কার রিমুভ্যাল, ট্যাটু রিমুভ্যাল, ট্যান রিমুভ্যাল, তিল, আঁচিল অপসারণ ও সব ধরনের লেজার চিকিৎসা।
স্কিন কেয়ার / থেরাপি
কেমিক্যাল পিল, MNRF (এম.এন.আর.এফ), সোরাইশিস ও একজিমা ক্লিনিক।
হেয়ার ট্রিটমেন্ট
অতিরিক্ত চুল পড়া, অল্প বয়সে মাথায় টাক প্রভৃতি সমস্যার সমাধান, পি.আর.পি ও হেয়ার ট্রান্সপ্ল্যান্টেশন করা হয়।
সার্জারি
স্কিন ও নখের সার্জারি, শ্বেতী চিকিৎসা ও গ্রাফ্ট সার্জারি করা হয়।
আগে পরে
ডাঃ নিশান্ত আগরওয়ালা
এম.ডি (স্কিন), গোল্ড মেডেলিস্ট
রুগী দেখছেন –
সকাল ১০.৩০ টা থেকে দুপুর ১.৩০ টা (প্রতিদিন)
সন্ধ্যা ৬.০০ টা থেকে ৭.৩০ টা (বৃহস্পতি ও রবিবার বাদে)
97499 97231 / 81700 81960 | www.drnishantagarwala.com



২৯ এপ্রিল বুধবার সকালে মালদহ জেলার গাজোলের শাহজাদপুর গ্রাম পঞ্চায়েতের ভালুকডাঙা গ্রামে চামারদীঘি নামক এক প্রাচীন পুকুর সংস্কারের সময় মাটির নীচ থেকে উদ্ধার করা হয়েছে একটি প্রাচীন বিষ্ণুমূর্তি। মূর্তিটি একটি পচে যাওয়া কাঠের বাক্সের মধ্যে ছিল। মূর্তির পাশে আরও কয়েকটি চৌকোনো প্রস্তরফলক পাওয়া গিয়েছে, যার মধ্যে ধ্যানমগ্ন কোনও দেবতার মূর্তিও খোদাই করা রয়েছে। পুকুরের মালিক জয়দেব রায় ও স্থানীয় গ্রামবাসীরা মূর্তিটির পূজা শুরু করবার উদ্যোগ নিলে, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে এসে মূর্তিটি থানায় নিয়ে যায়।

এলআইসি হাউজিং-এ ১৮০টি পদে নিয়োগ শীঘ্রই

চাকরিপ্রার্থীদের জন্য সুখবর। এলআইসি হাউজিং ফিন্যান্স লিমিটেড (এলআইসি এইচএফএল) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে ১৮০টি শূন্যপদের ঘোষণা করেছে। আপনারা যাঁরা আর্থিক খাতে একটি স্থিতিশীল, মর্যাদাপূর্ণ এবং সমৃদ্ধ কর্মজীবনের স্বপ্ন দেখেন তাঁদের জন্য এটি সুবর্ণ সুযোগ। এলআইসি এইচএফএল-এ জুনিয়র অ্যাসিস্ট্যান্টের চাকরি শুধু একটি ডেস্ক জব নয়, এটি একটি বহুমুখী ভূমিকা, যেখানে আপনি ভারতের অন্যতম বৃহত্তম হাউজিং ফিন্যান্স কোম্পানির মেরুদণ্ড হয়ে উঠবেন। আপনিই সেই ব্যক্তি, যিনি পরিবারগুলিকে তাদের নিজের বাড়ির স্বপ্ন পূরণ করতে ভালো ভাবে সাহায্য করতে পারবেন।

প্রধান দায়িত্ব

■ লোন প্রসেসিং:
আপনি হোম লোনের আবেদনপত্রের শুরু থেকে শেষ পর্যন্ত ডকুমেন্টেশন এবং প্রসেসিংয়ের কাজ সামলাবেন।

■ গ্রাহক যোগাযোগ:
আপনিই হবেন গ্রাহকদের যোগাযোগের প্রথম মাধ্যম, যিনি তাঁদের সব জিজ্ঞাসার সমাধান করবেন এবং সংস্থার বিভিন্ন আর্থিক পরিষেবা সম্পর্কে তাঁদের নির্দেশনা দেবেন।

■ ডেটা ব্যবস্থাপনা:
সিস্টেমে রেকর্ড নির্ভুলভাবে এন্ট্রি করা এবং ডেটার সঠিক গুণমান বজায় রাখা।

পরিচালনগত সহায়তা: উর্ধ্বতন কর্তাদের দৈনন্দিন প্রশাসনিক কাজ, পুনরুদ্ধার-সংক্রান্ত কার্যক্রম এবং ইএমআই ফলো-আপে সহায়তা করা। দেশের একাধিক রাজ্যে এই নিয়োগ হবে। এর মধ্যে রয়েছে পশ্চিমবঙ্গও। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, মোট ১৮০টি শূন্যপদে নিয়োগ করা হবে। পশ্চিমবঙ্গ ছাড়াও উত্তরাখণ্ড, তেলঙ্গানা, তামিলনাড়ু, সিকিম, রাজস্থান, পঞ্জাব, ওড়িশা, মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ এবং কেরলেও কর্মী নেওয়া হবে। ফলে দেশের বিভিন্ন প্রান্তের চাকরিপ্রার্থীরা পরীক্ষায় বসার এই সুযোগ পেতে পারেন।

বেতন

জুনিয়র অ্যাসিস্ট্যান্ট পদে নির্বাচিত হলে প্রতি মাসে বেতন দেওয়া হবে ৩৮,৭০৯ টাকা থেকে ৪১,৫০৯ টাকার মধ্যে। অর্থাৎ শুরুতেই প্রায় ৪০ হাজার টাকার মতো বেতন পাওয়া যাবে, যা অনেকের জন্য বড় সুযোগ।

শিক্ষাগত যোগ্যতা ও বয়সসীমা

এই পদে আবেদন করতে হলে আবেদনকারীকে অবশ্যই ভারতের নাগরিক হতে হবে। বয়স থাকতে হবে ২১ থেকে ৩০ বছরের মধ্যে। শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোনও স্বীকৃত প্রতিষ্ঠান থেকে রেগুলার পাঠক্রমে ৫৫% নম্বরসহ স্নাতক ডিগ্রি থাকা বাধ্যতামূলক। পাশাপাশি কম্পিউটারের কাজে দক্ষতা থাকা প্রয়োজন।

আবেদন করবেন কীভাবে?

আবেদন করতে হলে প্রথমে এলআইসি হাউজিং ফাইন্যান্স লিমিটেড-এর অফিসিয়াল ওয়েবসাইটে যেতে হবে। হোম পেজে গিয়ে সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি খুঁজে নিতে হবে। সেখানে দেওয়া নির্দেশ অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে। এর সঙ্গে প্রয়োজনীয় নথিও জমা দিতে হবে। সব তথ্য ঠিকভাবে দিয়ে আবেদন সম্পূর্ণ করতে হবে। এই নিয়োগের জন্য আবেদন করার শেষ দিন ৩০ এপ্রিল। তাই যাঁরা আবেদন করতে চান, তাঁরা দ্রুত আবেদন প্রক্রিয়া সম্পূর্ণ করুন।

নিয়োগ প্রক্রিয়া

আবেদন প্রক্রিয়া শেষ হওয়ার পর প্রার্থীদের লিখিত পরীক্ষা দিতে হবে। সেই পরীক্ষায় উত্তীর্ণ হলে ইন্টারভিউ নেওয়া হবে। এই দুই ধাপ পার করতে পারলেই মেধা তালিকার ভিত্তিতে নিয়োগ করা হবে। শূন্যপদের সংখ্যা অনুযায়ী চূড়ান্ত প্রার্থীদের বেছে নেওয়া হবে। এলআইসি হাউজিং ফিন্যান্স লিমিটেড (LIC HFL) জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ২০২৬ পদের জন্য একটি অনলাইন পরীক্ষার মাধ্যমে কর্মী নিয়োগ করবে। এই পরীক্ষায় পাঁচটি বিষয় হলো, ইংরেজি, লজিক্যাল রিজনিং, নিউমেরিক্যাল অ্যাবিলিটি, জেনারেল অ্যাওয়ারনেস (আর্থিক ও আবাসন খাত) এবং কম্পিউটার দক্ষতা থেকে মোট ২০০টি প্রশ্নের (মোট ২০০ নম্বর) উত্তর দুই ঘণ্টায় দিতে হবে।

পরীক্ষার সিলেবাস ও প্যাটার্ন

■ ইংরেজি ভাষা:
৪০টি প্রশ্ন। topics-reading comprehension, cloze test, error spotting, sentence improvement।

■ লজিক্যাল রিজনিং:
৪০টি প্রশ্ন। topics-syllogism, puzzles, blood relations, coding-decoding, order and ranking।

■ নিউমেরিক্যাল এবিলিটি:
৪০টি প্রশ্ন। topics-number series, data interpretation, arithmetic (profit/loss, simple/compound interest, time & work), simplification।

■ জেনারেল অ্যাওয়ারনেস:
৪০টি প্রশ্ন। ব্যাঙ্কিং ও ফিনান্সিয়াল সেক্টর, কারেন্ট অ্যাফেয়ার্স এবং বিশেষ করে হাউজিং ফাইন্যান্সের ওপর জোর দেওয়া হবে।

■ কম্পিউটার দক্ষতা:
৪০টি প্রশ্ন। বেসিক কম্পিউটার নলেজ, অফিস টুলস।

পরীক্ষা পদ্ধতি

প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। সম্পূর্ণ পরীক্ষাটির প্রশ্নপত্র ইংরেজিতে হবে। অনলাইন পরীক্ষা এবং ইন্টারভিউয়ের সম্মিলিত স্কোরের ভিত্তিতে চূড়ান্ত নির্বাচন হবে। চাকরি খুঁজছেন এমন প্রার্থীদের জন্য এটি একটি বড় সুযোগ। সরকারি সংস্থার সঙ্গে যুক্ত এই চাকরিতে ভালো বেতন ও স্থায়িত্ব দুটোই রয়েছে। তাই সময় নষ্ট না করে দ্রুত আবেদন করুন।

আবেদন প্রক্রিয়া

অফিসিয়াল ওয়েবসাইট লগ ইন করুন: www.lichousing.com
পর পর ক্লিক করুন, কেরিয়ার — চাকরির সুযোগ — জুনিয়র অ্যাসিস্ট্যান্ট নিয়োগে-এ যান। 'অনলাইনে আবেদন করুন' -এ ক্লিক করুন। আপনার নাম, ইমেল আইডি, মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করুন। ব্যক্তিগত, শিক্ষাগত, অন্যান্য বিবরণ যত্ন সহকারে পূরণ করুন।

■ নিম্নলিখিত নথিগুলি নির্ধারিত বিন্যাসে আপলোড করুন:
পাসপোর্ট আকারের ছবি (জেপিজি ফাইল, ২০-৫০ কেবি), কালো কালিতে স্বাক্ষর করুন (জেপিজি ফাইল, ১০-২০ কেবি), বাঁ হাতের বুড়ো আঙুলের ছাপ (জেপিজি ফাইল, ২০-৫০ কেবি), সাদা কাগজে ইংরেজিতে হাতে লেখা ঘোষণাপত্র (জেপিজি ফাইল, ৫০-১০০ কেবি)। অনলাইনে আবেদন ফি ৮০০ টাকা + ১৮% জিএসটি = ৯৪৪ প্রদান করুন। শেষ পর্যায়ে সব ঠিক আছে কিনা নিশ্চিত করুন। প্রিন্ট আউটট করে নিন এবং সংরক্ষণ করুন। একবার জমা দেওয়া হয়ে গেলে আবেদনপত্রে কোনও পরিবর্তন করা যাবে না। 'জমা দিন' (Submit) বোতামে চাপ দেওয়ার আগে সবকিছু ভালোভাবে দেখে নিন।

মনে রাখুন

প্রার্থীরা শুধুমাত্র একটি শহরের শূন্যপদের জন্য আবেদন করতে পারবেন। হস্তলিখিত ঘোষণাপত্রটি প্রার্থীকে নিজে শুধুমাত্র ইংরেজিতে লিখতে হবে। বড় হাতের অক্ষরে করা স্বাক্ষর গ্রহণ করা হবে না। সকল বিভাগের জন্য আবেদন ফি অপ্রত্যাবর্তনযোগ্য। পরীক্ষার দিন বায়োমেট্রিক তথ্য (আঙুলের ছাপ ও লাইভ ছবি) সংগ্রহ করা হবে। পরীক্ষার হল-এ মোবাইল ফোন ও ক্যালকুলেটরের ব্যবহার কঠোরভাবে নিষিদ্ধ। রেশন কার্ড, লার্নার্স ড্রাইভিং লাইসেন্স পরিচয়পত্র হিসেবে বৈধ নয়।

তথ্য সহায়তা: এ ইউ লার্নিং সেন্টার

আপনার মধু কি NMR পরীক্ষিত?
রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়াতে কার্যকরী
বিশুদ্ধ মধুর ব্রান্ডগুলির মধ্যে সর্বোত্তম
ঘরে বসে পান - 9233 44 45 46

বার্থ সার্টিফিকেট
ড্রাইভিং লাইসেন্স
পাসপোর্ট
স্কুলের কাগজপত্র
জমির দলিল
পলিসি সার্টিফিকেট
চাকুরীর নিয়োগপত্র
সমস্ত সরকারী কাগজপত্রে
নামের বানান সঠিক আছে তো?
এফিডেফিট করে
সংবাদপত্রে সঠিক নাম ঘোষণা করুন।
পরামর্শ ও সহযোগিতা ঃ
মাস মিডিয়া
শুধু প্রচার করে না, প্রসার ঘটায়
মকদুমপুর রথঘরের বিপরীতে, মালদা
9233 44 45 46